

প্রথম বারের বিজ্ঞাপন।

বালকেরা ব্যাকরণ, পদ্ধতিবিদ্যা, ভূগোলাদি সর্বস্বত্ত্বান্বিত করিয়া নিষ্ঠাত্ব ক্লাস্ট হয়, এবং ন্য Novel অর্থাৎ ক্লপক ইতিহাস পড়িতে ইচ্ছুক হইয়া থাকে। এক্ষণে কামিনীকুমার, রমিকরঞ্জন, চাহারদুরবেশ, বাহারদানেশ প্রভৃতি যে সমুদ্র ক্লপক ইতিহাস প্রচারিত আছে, সে সমুদ্রায়ই অশ্বীল ভাব ও রুমে পরিপূর্ণ। তৎপাঠে উপকার না হইয়া বরং সর্বতোভাবে অনর্থের উৎপত্তি হয়। এই সমুদ্রায় অবলোকনে বালকদিগের ক্লপক-পাঠের নিমিত্ত কতিপয় বন্ধুর অনুরোধে আমি বিজয়-বসন্ত নামক এই গ্রন্থ প্রণয়নে প্রবৃত্ত হই। ইহা কোন পুস্তক হইতে অনুবাদিত নহে, সমুদ্র বিবরণই মনঃকল্পিত। ইহার আদ্যস্ত কেবল কর্ণ-রসাধ্রিত ও নীতিগর্ভ বিষয়ে পরিপূর্ণ। এতদ্বারা বালক-গণের চিত্তরঞ্জন ও নীতিশিক্ষা বিষয়ে যৎকিঞ্চিং উপকার হইবার সন্তানন্ম। এই গ্রন্থ রচনা করিতে আমি সাধ্যামূলক পরিশ্রম ও যত্ন করিতে ক্রটি করি নাই, কিন্তু কতদুর ক্রতৃ-কার্য হইয়াছি বলিতে পারি না।

পরিশেষে কৃতজ্ঞচিত্তে স্বীকার করিতেছি, কলিকাতা শ্রী চর্চ স্টেট্যাণ্ড ইনস্টিউশনের বাঙ্গালা ভাষার অধ্যাপক শ্রীযুত ব্রজমাথ বিদ্যালক্ষ্মার মহাশয় ইহার আদ্যোপাস্ত সংশোধন করিয়া দিয়াছেন, এবং ব্রাহ্মদৰ্মাজের প্রধান উপাচার্য পশ্চিত শ্রীযুত আনন্দচন্দ্র বেদান্তবাগীশ মহাশয় অনুগ্রহ করিয়া একবার পাঠ করিয়া দেখিয়াছেন।

দ্বিতীয় বারের বিজ্ঞাপন।

বিজয়-বনস্তু বিতীয় বার মুদ্রিত ও প্রচারিত হইল। এই পুস্তক যে পাঠশালার পাঠ্যকল্পে প্ররিগণিত হইবে, পূর্বে আমার মনে এককর্তৃ আশা ছিল না। কিন্তু অনেকানেক ইংরেজি ও বাঙালী বিদ্যালয়ে ব্যবহৃত হওয়ার, প্রথম বারের মুদ্রিত পুস্তকগুলি নিঃশেষ হইয়াছে। পূর্বে ইহা পঞ্চাধ্যায়ে সম্পূর্ণ ধারায় কোন কোন বিষয় অস্পষ্ট ছিল। এইবাবে সেই সমুদায়ের প্রকাশের নিমিত্ত একটী অধ্যায় বৃদ্ধি করা হইয়াছে। এবং কোন কোন স্থানে কিঞ্চিৎ কিঞ্চিৎ পরিবর্ত্ত ও দুর্লভ শব্দগুলি সহজ করা হইয়াছে। গ্রন্থ-মুদ্রাক্ষন-কালে সংস্কৃত কালেজের বিতীয় সাহিত্য-শ্রেণীর অধ্যাপক পণ্ডিতবর শ্রীযুক্ত গিরিশচন্দ্র বিদ্যারত্ন মহাশয় বিশেষ পরিশ্রমপূর্বক পুনর্বার ইহার আদ্যস্ত সংশোধন করিয়া দিয়াছেন।

কুমারখালী ১৭৮৪ শক } শ্রীহরিনাথ মজুমদার ।

তৃতীয় বারের বিজ্ঞাপন ।

বিজয়-বনস্ত তৃতীয় বার মুদ্রিত হইল। এ বারেও অনেক স্থান সংশোধিত, পরিবর্তিত ও বর্দ্ধিত হইয়াছে।

କ୍ରମିରଥାଳୀ ୧୯୮୭ ଶକ } ଶ୍ରୀହରିନାଥ ମଜୁମଦାର ।

চতুর্থ বারের বিজ্ঞাপন ।

বিষয়-বস্তু চতুর্থ বার মুদ্রিত হইল। এ বারেও ইহার
অনেক স্থান পরিবর্তন করিয়া পরিবর্দ্ধনের সহিত সংশোধন
করিয়াছি।

ଶ୍ରୀହରିନାଥ ମଜୁମଦାର ।

বিজয়-বস্তু ।

উপক্রমণিকা ।

একদা পরীক্ষিৎ রাজেন্দ্র সৈন্যে মৃগয়াম গমন করিয়া অরণ্য অবরোধ করিলে, বিপিনবিহারিগণ ভয়াকুল হইয়া ইত্ততঃ নিবিড়ারণ্যে প্রবেশ করিতে লাগিল । রাজাহু-চরেরা অনেকক্ষণ মৃগের অমুসন্ধানে ও অমুসরণে ক্লান্ত হইয়া, বিস্তৃত তকচ্ছায়াম উপবেশন করিল । রাজা অশ্বাক্রঢ় হইয়া ব্রহ্ম করিতেছেন, এমন সময়ে এক হরিণ তাহার দৃষ্টিপথে পতিত হইল । তিনি শ্রাদ্ধনে শ্রমসন্ধান করিয়া মৃগপৃষ্ঠে মিক্ষেপ করিলেন । মৃগবর তাহাতে কিছুমাত্র কাতর না হইয়া নক্ষত্র-বেগে ধাবিত হইল । রাজা ও তাহার অস্তগমনে ক্ষান্ত হইলেন না, কিন্তু ঘোটক বন-পর্যটনে ক্লান্ত হইয়া মৃগক্তুল্য-বেগে ধাবিত হইতে পারিল না । হরিণ এই অব-কাশে নয়েজ্জের দৃষ্টিপথাতীত হইল । রাজা অশ্ববেগ সংবরণ-পূর্বক ইত্ততঃ বিচরণ করিতে করিতে দেখিলেন, দিবকর মস্তকোপরি উঠিয়া, অনলশিথায়ক্রম কর অবাক করিতেছেন ।

অথ অতিশয় ঘৰ্ম্মাঙ্গ হইয়া সম্মুখে টলিত হইতেছে, এবং ফেনাঙ্গ-নামিকার সমনে নিষ্কান প্রশাস ত্যাগ করিতেছে। আপনার অবস্থাও তদপেক্ষা ন্যূন নহে। পরিধেয় দুকুল ও উত্তরীয় বসন স্বেচ্ছালে একেবারে আর্দ্ধ হইয়া গিয়াছে, তথাপি মৃগাবৈষণে বিরত হইলেন না। অনন্তর তিনি অতিশয় তৃঝার্ত্ত হইয়া জলাবৈষণে সমীপস্থ এক তপোবনে প্রবেশ করিলেন এবং মৌনভূত এক মুনির নিকটে কাতরস্থরে বারংবার জল প্রার্থনা করিতে লাগিলেন।

মুনির অনিবৰ্চননীয় ভাবের আচর্জাবে বাহ্যজ্ঞানশূন্য ছিলেন, রাজাৰ বাক্য তাহার কর্ণগোচৰ হইল না; স্মৃতিৰাং তিনি কোন কথার উত্তর দিলেন না। সন্দ্বাট অনেক ক্ষণ পর্যন্ত দণ্ডায়মান থাকিয়া, দৈব-দুর্বিপাকে রাগাঙ্গ হইলেন, এবং মহর্ষিকে যৎপৰোনাস্তি তিরস্কাৰ করিয়া কহিলেন, রে তাপস ! রাজাধিরাজ চক্ৰবৰ্তী তোৱ সমক্ষে বিনীতভাবে দণ্ডায়মান ও পিপাস্ত হইয়া বারংবার জল প্রার্থনা করিতেছেন; অভ্যৰ্থনা দূৰে থাকুক, অহঙ্কাৰ-বশতঃ তুই উত্তৰদানেও বিৰত হইলি। থাক, ইহার উচিত অতিক্রম দিতেছি। এই বলিয়া তিনি চারি দিকে দৃষ্টি করিতে করিতে এক মৃত সৰ্প দেখিতে পাইলেন। তাহাকে শৰাগ্রে বিক্ষ করিয়া মুনির কঠো অপর্ণপূৰ্বক প্রস্থান করিলেন।

অপ্রমাণিত মুনির পুত্ৰ শৃঙ্গী স্থানান্তরে বয়স্যের সহিত ক্রীড়া করিতেছিলেন। সন্দীপ্ত মুনির পুত্ৰ কৃশ যদুচ্ছাক্রমে শৰাগ্র উপস্থিত হইয়া বারংবার ক্রীড়াৰ ব্যাঘাত জন্মাইতে লাগিলেন। শৃঙ্গী ক্রোধপূৰ্বশ হইয়া কহিলেন ক্ষণে ! আঞ্চ-

গৌরব আৰ বুদ্ধি কৱিস্ম না, তোৱ পিতাৰ যত বিদ্যা বুদ্ধি
সকলই জানি, আমাৰ পিতাৰ সহায়তা তিৱ রাজ-সহনে
থাইতে তাহাৰ মুণ্ডছেন হয়। কৃষ্ণ সক্ষোধে কহিলেন, অৱে
জানি রে জানি শুন্দে ! আৱ গৌৱৰ কৱিস্ম না, রাজাৰ নিকটে
তোৱ পিতাৰ যত প্ৰত্যুষ ও মান সন্মুম, অদ্য তাহা সকলই
ভালুকপে প্ৰকাশ পাইৱাছে ; গৃহে গিৱা দেখ, রাজা পৱী-
ক্ষিৎ তোৱ পিতাৰ কি দুৰ্দশা কৱিয়া পিয়াছেন। শৃঙ্গী
জী০ৰ্ণ-বজ্রবৎ-বাক্যাশ্রবণে এককালে ক্ৰোধসাগৰে ও বিষাণু-
নীৰে নিমগ্ন হইয়া গৃহে গমন কৱিলেন ; এবং দেখিলেন,
তাহাৰ পিতাৰ কৰ্ত্তব্যে মৃত সৰ্প ছলিতেছে। তখন সৰ্প-
সন্দুশ তজ্জন-গৰ্জনে কহিলেন, “ৱে দুৰাত্মন পৱীক্ষিৎ !
ধনগৰৈৰে গৰ্বিত হইয়া নিৰ্দোষী ব্ৰাহ্মণকে বেমন অপমান
কৱিলি, তেমনি সপ্তাহেৰ মধ্যে তক্ষকদংশনে তোৱ প্ৰাণ
বিয়োগ হইবে।”

নিৰ্বাত সময়ে সৱোবৱেৰ হিৱ সলিলে অকস্মাৎ শিলা-
ধুণ নিক্ষিপ্ত হইলে সমুদ্ৰ জল যেমন চঞ্চল হইয়া উঠে,
শৃঙ্গিকৃত অভিসম্পাতে মহৰ্ষিৰ অষ্টকৰণ তক্ষণ বিচলিত
হইয়া, তাহাৰ সমাধি-ভঙ্গ কৱিল। তিনি চতুৰ্দিকে দৃঢ়
কৱিয়া কহিলেন, হা বৎস ! কি কৱিলে, যাহাৰ শাসনে
তপস্বিগণ নিকলেগে ধৰ্ম-কৰ্ম সম্পাদন কৱিতেছেন, যাহাৰ
অসাধাৰণ পুণ্যবলে ধৰণী প্ৰচুৰশস্যশালিনী হইয়া প্ৰজা-
সকলকে সুখ সচ্ছন্দতা বিতৰণ কৱিতেছেন, সেই মাত্ৰ-
জননাথ বছুকে কেন এই নিদানৰ শাপে অভিশপ্ত কৱিলো
হৈ রে নিৰ্দম ! ব্ৰাহ্মণকূলে অঞ্চলিক কৱিয়া, বিশুদ্ধ ব্ৰাহ্মণ-

ধিজয়-বসন্ত ।

ধৰ্মকে এককালে কল্পিত করিলে ! দয়া, ধৰ্ম, ক্ষমাগুণেই
এ কুল জগবিধাত ; বৎস ! অদ্য তোমা হইতে সেই নিষ্কলঙ্ঘ
কুল কলঙ্ঘিত হইল। শৃঙ্গী পিতার জৈন্ম-বাক্য-শ্রবণে অমৃ-
তপ্ত হইয়া কহিলেন, তাত ! আমার কথাতে কি হইতে পারে ?
আমি কাহাকে কি না কহিয়া থাকি ? করিশিশুর জ্ঞানে
কি কথন কেশরীর মল হইতে পারে ? মহৰ্দি, বালকের
বাক্য শুনিয়া, হাস্য করিয়া কহিলেন, বাছা ! সর্পশিশু কি
অধৰ্ম অবলম্বন করে না ? তুলসীপত্র-মধ্যে কি ইতর-বিশেষ
আছে ? তুমি কি কথন শুন নাই যে, মুনিতনয় হস্তপ্রিয়ের
অভিসম্পাতে চিত্ররথ গন্ধৰ্বপতি সহোদর ও সহধৰ্মীনীর
সহিত মৰ্ত্যলোকে জন্মগ্রহণ করিয়া কত কষ্ট পাইয়াছিলেন ?
আহা ! তাহাদিগের সেই অপার দুঃখের কথা মনে হইলে,
আমার হৃদয় অদ্যাপি বিদীর্ঘ হইতে থাকে ।

শৃঙ্গী পিতার প্রযুক্তি শাপভূষ্ট গন্ধৰ্বপতি প্রভৃতির দুর-
বস্তা শ্রবণে, তাহার আদ্যোপাস্ত সকল বৃত্তান্ত শুনিতে একান্ত
উৎসুক হইয়া সবিনয়ে কহিলেন, তাত ! সেই মহাপুরুষের
কি অপরাধে শাপগ্রস্ত হইয়াছিলেন এবং কত দিনই বা
মৰ্ত্যলোকে দুর্গতি ভোগ করিয়া পুনরায় স্থানে প্রতিগমন
করেন, শুনিতে আমার একান্ত অভিলাষ হইতেছে । মহৰ্দি
কৃহিলেন, বৎস ! তাহাদিগের সেই দুঃখের বৃত্তান্ত সামান্য
নহে বে সজ্জেপে বলিব । বদি শুনিতে নিতান্ত কৌতুহল
জন্মিয়া থাকে, তবে একগে ক্ষান্ত হও, দিনকর অস্তাচলে
গমন করিলে, অবকাশসময়ে সমুদ্রায় বর্ষন করিব । শৃঙ্গী
পিতার এই আজ্ঞা পাইয়া, শুর্যের অস্তাচলাবস্থন অপেক্ষা

উপকুমণিকা ।

কৰিতে লাগিলেন। মহৰি সায়ংকালীন কৰ্ত্তব্য-কল্প-সমাধানে অবকাশানন্দে আদীন হইলে, শৃঙ্গী ও অন্যান্য শুনিকুমারেরা ইতিহাস-প্রবণোৎসুক হইয়া, তাহাকে বেষ্টন কৰিয়া বসিল। মহৰি কথা আরম্ভ করিলেন।

মহৰি কহিলেন, বৎসগণ ! শ্রবণ কর। যে বিস্তৃত পৰ্বতমালা ভারতবর্ষের উত্তর সীমা, সেই পৰ্বতের নাম হিমালয়। অতিপূর্বকালে ঐ পৰ্বত গঙ্কর্ব, কিম্বর, অসমৰা অভূতির নিরামস্থাব ছিল। চিত্তরণ নামে পঙ্কর্বরাজ পৰ্বতের অধিপতি ছিলেন। তাহার অঙ্গজের নাম চিত্তরঞ্জ। সেই ছই সহোদরের অকপট স্বেচ্ছের কথা কি কহিব ; অনল অনিলের ন্যায়, তিলাঞ্জিকালও পরম্পরের বিচ্ছেদ ছিল না ।

গ্রন্থিক প্রভাস নদের কৃগবর্তী কাম্যবনমধ্যে, গঙ্কর্ব-পতির বিশ্রামোদ্যান ছিল। সেই উদ্যানটী এমনি শুন্দর, যে, অমরপথ অমরাবতী পরিত্যাগ কৰিয়াও তাহাতে বাস কৰিতে বাসনা করিতেন। উদ্যানের মধ্যস্থলে একটী শুরম্য সরোবর ; তাহার চতুঃপার্শ-ভূমি খেত-শিলায় অঙ্গিত এবং সোপানগুলি নীলবর্ণ প্রস্তরে নির্মিত ; শুতরাঃ অলঃ-হরণার্থ নিম্নে গমন কৰিয়া হঠাৎ দেখিলে বোধ হইত, যেন নীলপিণ্ডি-শিথরে রাশীকৃত তুষার পতিত রহিয়াছে। সরো-বরের নির্ধল বারিপুঁজে কমল, কুমুদ, কোকনদ অভূতি জল-শুল্প অক্ষুটিত হইয়া, যথুমত মধুকরের চিত্ত নিরস্তর আক-শৈ কৰিত এবং মন্দ মন্দ সমীরণ-প্রভাবে দিবসে যথুন তাহার ভৱসমালা আন্দোলিত হইতে পারিত, তখন আতপ-

বিজয়-বসন্ত ।

প্রভাবে বোধ হইত, নলিনীকান্ত নলিনীর বিরহানলে জ্ঞান ময় হইয়া নলিনী সহিত সরোবরে জলকীড়া করিতেছেন ; হংস, চক্রবাক, সারস, সারসী প্রভৃতি জলচর পক্ষিগণ সেই তরঙ্গোপরি ইতস্ততঃ সন্তুষ্ট করিয়া নলিনীনাথের অঙ্গুচিত ব্যবহার অপলাপ করিতেই যেন পক্ষপুট বিস্তার করিতেছে । কদম্ব, চম্পক, বকুল, নাগকেশর, শেকালী প্রভৃতি তরু-মণ্ডলী ; যুথী, জাতী, মলিকা, মালতী প্রভৃতি লতামণ্ডলী, যথানিয়মে শ্রেণীবদ্ধ থাকায়, তন্ত্রিকটবন্তী চতুঃপার্শ্ব-হল একপ শুরুম্য হইয়াছিল যে, পরিশ্রান্ত জনগণ দর্শনমাত্রই বিজ্ঞামসুখে পরিতৃপ্ত হইত ।

একবা গন্ধর্বস্বামী সহোদর ও সহধর্মিণী সহিত শকটি-রোহণে প্রভাস-তীর্থে ধাত্রা করিলেন, এবং প্রভাস নদের সুবিনিময়ে সলিলে স্বানাদিক্রিয়া সমাধা করিয়া, চিন্তবিনোদনাৰ্থ সেই বিশ্রামোদ্যানে উপস্থিত হইলেন । উদ্যান-গালক সহস্রা স্বামীকে সমাগত দেখিয়া সন্তুষ্টিচিত্তে প্রণাম করিল । চিত্ররথ কহিলেন, উদ্যান-গালক, আমরা গ্রীষ্ম ঋতুর শেষ পর্যান্ত এই স্থানেই অবস্থান করিব, এই সন্দেশ লইয়া তুমি রাজধানীতে গমন কর । উদ্যানগালক যে আজা বলিয়া অস্থান করিল । গন্ধর্বপতি সহধর্মিণী-সহবাসে দিন-ঘামিনী যাপন করিতে লাগিলেন ।

এক দিন প্রভাকরের প্রধর-কর-প্রভাবে উদ্যানহল অতিশয় উত্তপ্ত হইলে, গন্ধর্বস্বামী সীমস্তিনী-সমভিবাহারে জলাশয়ে জলকীড়া আরম্ভ করিলেন । অনেকক্ষণ কীড়া করিতে করিতে ঝাহারা মদমত মাতঙ্গের ন্যায় উন্মত্তায়

হইয়াছিলেন ; স্বতরাং তৎকালে তাহাদিগের হিতাহিত
জ্ঞান কিছুমাত্র ছিল না । এমন সময়ে ধৰ্মিতনয় দ্বন্দ্বপ্রিয়
বনপর্যটনে তৃষ্ণাতুর হইয়া, সরোবরে নামিয়া করপুটে
জলপান করিতে লাগিলেন । ক্রীড়াসক্ত গন্ধর্বপতিদিগের
পাদক্ষিপ্ত জল বারংবার তাহার গাত্রে পতিত হওয়ায়,
প্রথমতঃ তিনি পুনঃ পুনঃ নিবারণ করিলেন ; পরিশেষে
রোষপরবশ হইয়া কহিলেন, “রে নির্লজ্জ ব্যালীক ! ইন্দ্ৰিয়-স্মৃতি-
লালসায় এককালে লজ্জাভয়কে বিমৰ্জন দিয়াছিস্ত, এবং
অবজ্ঞাপূর্বক ব্রাজ্ঞকে অবমাননা করিতেছিস্ত । যদি ব্রজ-
বংশে আমি জন্মগ্রহণ করিয়া থাকি, তবে এই মহাপাতকের
আয়শিত হেতু নিশ্চিত তোদিগকে মৰ্ত্যলোকে জন্মগ্রহণ
করিতে হইবে, এবং এখন যেমন তোদিগের অভেদ্য সৌহার্দ
দেখিতেছি, তদ্বপ পরকালে ইহার বিপরীত বিচ্ছেদকৃপ অনলে
দক্ষ হইতে হইবে ।” ঈদুশ অভিসম্পাত করিয়া, তিনি শুন্ধান
করিলেন । যেমন তক্ষক-দংশনে প্রাণিগণ ভূতলে পতিত হয়,
গন্ধর্বেরা শাপগ্রস্ত হইয়া তদ্বপ পতিত হইলেন ।

মহর্ষি গন্ধর্বদিগের শাপবৃত্তান্ত এইমাত্র কহিয়া, নিষ্ঠক
হইলেন । ধৰ্মিতনয়েরা সেই পুরাবৃত্ত শ্রবণোৎসুক হইয়া
বিনয়বাক্যে পুনঃপুনঃ অহুরোধ করাতে, তিনি অগত্যা সম্ভৃত
হইয়া পুনর্বার কথা আরম্ভ করিলেন ।

বিজয়-বসন্ত ।



প্রথম অধ্যায় ।

মহর্ষি কহিলেন, বৎসগণ ! শ্রবণ কর । জয়পুর নামে
বে মনোহর নগর অদ্যাপি বিদ্যমান আছে, সেই নগরে
মহারাজ জয়সেন বসতি করিতেন । রাজাৰ নামানুসারেই
উক্ত নগরের নাম জয়পুর হইয়াছিল । তাহার অসাধারণ
প্রাক্তমে সমস্ত ভাৰতবৰ্ষের সম্রাট সৰ্বদা শক্তি থাকি-
তেন । তিনি আপন অধিকাৰের অন্তর্ভুক্তী প্রতিপ্রদেশে
বিদ্যালয়, ধৰ্মালয় ও চিকিৎসালয়, ব্যানিয়মে স্থাপন
কৰাতে, প্রজাবৰ্গ একুশ সভারঞ্জক এবং ধৰ্মপৰায়ণ হইয়া-
ছিল যে, রামরাজ্য ও তদীয় রাজ্যের তুলনাস্থল হইতে
পারে না । মহারাজের এক পটুমহিষী ছিলেন, তাহার
সাম হৈমবতী । তিনি যেকুপ অলৌকিক-কৃপবতী, তদন্তু-
কুপ অসামান্য শুণবতী ও সুশীলা ছিলেন । তিনি সার্বজ্ঞী-
তুল্য সতী, ছায়া-তুল্য পতিৰ অমুগামিনী, ও সথী-তুল্য হিতে-
বিনী ছিলেন । বস্তুতঃ মহিলাৱা যেকুপ সদাচাৰ-শুণে শুক্রজন-
নিকটে প্রতিষ্ঠিতা ও আদৰণীয়া হন, তাহাতে যে সকল
শুণেৰ অভাৱ কিছুই ছিল না । কিন্তু গগনমঙ্গল অসম্ভু

ନକ୍ଷତ୍ର-ମାଳାର ଖଚିତ ହଇଯାଓ ଯେମନ ଏକମାତ୍ର ଚଞ୍ଚ-ବିରାହେ
ବୁଦ୍ଧି ହୁଯ ନା ; ଏବଂ ତରଗଣ ଶାଖାପଲାବେ ଉଲ୍ଲମ୍ଭିତ ହଇଯା
ଶୁଦ୍ଧି ଓ ମନୋରମ ହଇଲେଓ ଫଳବାନ୍ ନା ହୁଯାର ଯେମନ ତେ-
ବାମୀର କ୍ଷୋଭୋପତି ହୁଯ ; ମହିଷୀ ଏତାତ୍ମଶ ଉତ୍କଳ୍ପ-ଶୁଦ୍ଧିମନୀ
ହଇଯାଓ ସଥାକାଳେ ପୁତ୍ରବତୀ ନା ହୁଯାଯ ମେଇକ୍ରପ ଅଶୋଭନୀୟା
ଓ ମହାରାଜେର ବିମର୍ଶର କାରଣ ହଇଯାଇଲେନ ।

ଏହା ନରପତି ଶାରଦୀ ପୌର୍ଣ୍ଣମାସୀର ସାଯଂକାଳେ ମହିଷୀ
ସମଭିବ୍ୟାହାରେ ପ୍ରାସାଦୋପରି ଇତ୍ତତ୍ତଃ ଭ୍ରମ କରିଯାବାୟୁମେବନ
କରିତେଛେନ, ଏହି କାଳେ ପୂର୍ବଦିକ ଆଲୋକମୟ କରିଯା ପୂର୍ବ-
ଚଞ୍ଚ ଉଦ୍ଦିତ ହଇଲ ; ଚକୋର ଚକୋରୀ ମେଇ ଶୁଦ୍ଧମୟ କିରଣେ
କ୍ରୀଡା କରିତେ କରିତେ ଶୂନ୍ୟପଥେ ଉଡ଼ିଯିରମାନ ହଇଲ ; କୁମୁଦିନୀ
ଶ୍ରୀତିପ୍ରକୁଳଚିତ୍ତେ ନିଶାନାଥକେ ଦର୍ଶନ କରିତେ ଲାଗିଲ ; ବିଟପି-
ପୁଞ୍ଜେର ହରିଦ୍ଵର୍ଷ ପଲବେ ଚଞ୍ଜେର ଶୁଦ୍ଧ ରଶ୍ମି ପତିତ ହୁଯାର
ଏକ ଆଶ୍ରମ୍ୟ ମନୋହାରିଣୀ ଶୋଭା ପ୍ରକାଶ ପାଇଲ ;—ବୋଧ
ହୁଯ, ଯେନ ତରମଣୀ ଅଗଣ୍ୟ ହୀରକଥଣେ ଭୂମିତା ହଇଯା ପରମା-
ଦ୍ଵୋଲିତ ଶାଖା-ବାହ ଦାରା ଖତୁରାଜକେ ଆଗତ ସନ୍ତାପଣ କରି
ତେବେ । ରାଜୀ ଓ ମହିଷୀ ଏଇକ୍ରପ ମୌଳିକ୍ୟ-ମନ୍ଦର୍ମନେ ସାନନ୍ଦଚିତ୍ତେ
ଜଗନ୍ନାଥରେର ଅଚିକ୍ଷ୍ଟା ଶକ୍ତିର ଶୁଣାମୁବାଦ କରିତେ ଲାଗିଲେନ ।

ଏମତ ସମୟେ ରାଜଭବନେର ଅନତିଦୂରେ ଏକ ବ୍ରାହ୍ମଗଣିଷ୍ଠ
ଆର୍ଥି କରିଯା କ୍ରମନ ଆରାଜ କରିଲେ, ତାହାର ମାତ୍ରା ତାହାକେ
ଅକେ ଧାରଣ କରିଯା, ଅନୁଲି-ସକେତ ଦାରା ଚଞ୍ଚମାକେ ଲଙ୍ଘ୍ୟ
କରିଯା କହିତେ ଲାଗିଲେନ ; “ଦାରା ରେ ! ଚୂପ କର, ଏ ଦେଖ
ମୁଁ ମୀ ଆସିଦେହେ, ଏଥିନି ତୋମାକେ ଧରିଯା ଲାଇବେ ।”
ଶାଶ୍ଵତ ତାହାତେ ଭର ନା ପାଇଯା ବରଂ ଆନ୍ଦୋଳନ କରିତେ

ଲାଗିଲ । ମାତା ପୁନରାୟ, “ଚାନ୍ଦ ଆର ଚାନ୍ଦ ଆସ” ବଲିଯା, ଶୁଭଲାଟେ ଅଞ୍ଚୁଲିଶ୍ଚର୍ଷ କରିତେ ଲାଗିଲେନ ।

ସନ୍ତାନବ୍ୟନ୍ତା ବ୍ରାହ୍ମଗପତ୍ରୀର ବାଂସନ୍ୟ-ଭାବେର ଏଇକ୍ରପ ମଧୁର ବାକୀ ନରେନ୍ଦ୍ରେର କର୍ଣ୍ଣହରେ ପ୍ରବିଷ୍ଟ ହଇଲେ, ଅପତାନେହ-ମାଗର ଉଦ୍ଦେଲ ହଇଯା ତୋହାର ଚିତ୍ତକ୍ଷେତ୍ର ଏକକାଳେ ପ୍ରାବିତ କରିଲ, ଏବଂ ମେହି ମଙ୍ଗେ ମଙ୍ଗେ ହତାଶବାୟ-ପ୍ରଭାବେ ହୁଥେର ତରଙ୍ଗ ସମୁଦ୍ରଟୁ ହୋଯାତେ, ତିନି ଆପନାର ଇଚ୍ଛାତରଣୀକେ ସ୍ଥିର ରାଖିତେ ନା ପାରିଯା, ଅମନି କହିଯା ଉଠିଲେନ,—“ଆହା ! କି ଶୁଣିଲାମ, ଏତ ଦିନେ ଆମାର ଶ୍ରିତ୍ୟୁଗଳ ଶ୍ରାବ୍ୟମୁଖେ ସ୍ଵର୍ଥୀ ହଇଲ । ଆମି ଅପୁର୍ବକ, ଯେ ହୁଲେ ଆମାରଇ ଏକ୍ରପ ହଇଲୁ, ମେ ହୁଲେ ପୁତ୍ରବାନ୍ ବ୍ୟକ୍ତି, ପୂର୍ବଜନ୍ମାର୍ଜିତ-ସ୍ଵକ୍ରତି-ଫଳେ ଏହି ଅମୂଳ୍ୟ ପୁତ୍ରରତ୍ନ ପ୍ରାପ୍ତ ହଇଯା, ପୁତ୍ରେର ଶୁକୋମଳ-ଅଞ୍ଚ-ସ୍ପର୍ଶ-ମୁଖେ ଏବଂ ଅର୍ଦ୍ଧକ୍ଷଟ ମଧୁର-ବାକ୍ୟ-ଶ୍ରବଣେ ଓ ନବକୁମ୍ଭ-ମଦୃଶ ଶୁକୁମାର ମୁଖଚବିନିରୀକ୍ଷଣେ ଆପନାକେ ଚରିତାର୍ଥ-ବୋଧେ କି ନା ମୁଖ ଦଶ୍ତୋଗ କରେନ । ଧର୍ମଶାସ୍ତ୍ରଜ୍ଞ ମହାପୁରୁଷେରୀ କହିଯାଛେନ, ଏକାମାତ୍ର ପୁତ୍ରଇ କେବଳ ଜନକ ଜନନୀକେ ପୁନ୍ରାମ ହୁଃମହ ନରକ-ସ୍ତରଣୀ ହିତେ ପରିତ୍ରାଣକରଣେ ସମ୍ମର୍ଥ । ପୁତ୍ରହେତୁ ରମଣୀରା ପତିଶ୍ରୀଯା ଓ ଅଂଦରଣୀଯା ହନ । ସନ୍ତାନ-ଶୂନ୍ୟ ଗୃହେ ଆର ଶଶାନେ କିଛୁଇ ବିଶେଷ ନାହିଁ । ଯେ ଗୃହ ବାଲକ ଦ୍ୱାରା ପରିବୃତ ନା ହଇଯାଛେ, ମେହି ଗୃହ ଜନଶୂନ୍ୟ ଅରଣ୍ୟ, ଦୀପଶୂନ୍ୟ କୁଟୀର, ଓ ତାରକଶୂନ୍ୟ ଚଙ୍ଗୁଃ ଦ୍ଵରପ । ସମୁଦ୍ର ସେମନ ସକଳ ରତ୍ନେର ଆକର ହଇଯାଇ ଶବଣାଶ୍ରୁ-ଦୋଷେ ମହୁଧ୍ୟେର ପାନ୍ୟୋଗ୍ୟ ନହେ ; ଗୃହୀ ବ୍ୟକ୍ତି ଧନେ ମୀନେ କୁଲେ ଶୀଳେ ଶୁନ୍ମପନ୍ନ ହଇଯା, ପୁତ୍ରବିହୀନ ହିଲେ ତଜ୍ଜପ ପିତୃଧାମେର ଅର୍ଥୋଗ୍ୟ ହନ । ଗଜହିନ ପଳାଶ ପୁଲ୍, ଅସାର

ଫଳଶମ୍ୟ, ନିର୍ବାତାଯନ ଅଟ୍ଟାଲିକା ଏବଂ ମୁଖ୍ୟ ମମୁଷ୍ୟ ଶୋଭନତମ ହଇଲେଓ ଯେମନ ଗ୍ରାହ ନହେ; ଜ୍ଞାନା ସର୍ବୋତ୍ତମାନ୍ତ ଗୁଣେ ପରିପୂର୍ଣ୍ଣ ହଇଯାଏ ପୁରୁଷତ୍ବ ନା ହଇଲେ, ସେଇକ୍ରପ ଅନାମୃତା ଏବଂ ଭର୍ତ୍ତ ଓ ପିତ୍ତ ଉଭୟ କୁଳେର ଅଶେଷ ଦୁଃଖେର କାରଣ ହଇଯା ଉଠେ ।” ରାଜା ଏହି ମାତ୍ର କହିଯା ମୌନାବଳସ୍ଥନ କରିଲେନ ।

ମହାମନ୍ତ୍ରେର ମୁଖ ହଇତେ ଏତାଦୃଶ କ୍ଷୋଭଶୁଚକ ଦୁଃଖରୁଦ୍ଧର୍ମ ବାକ୍ୟ ନିର୍ଗତ ହଇଯା ରାଜଦାରାର ସ୍ଵକୋମଳ ସବଳ ହୁଦୟେ ତୀଙ୍କ୍ଷାକ୍ରମ ସ୍ଵର୍ଗ ବିନ୍ଦୁ ହଇଲ । ତଥନ ତିନି, ଏକବାରେ ଦୁଃଖେର ସାଗରେ ନିମଶ୍ମା ହଇଯା ଅନ୍ତର୍ବାିଷ୍ଟଭରେ କର୍ତ୍ତାବରକାପ୍ରାୟ ହଇଲେନ, ଏବଂ ରାଜାକେ ଏକଟା କଥାଓ ନା କହିଯା ନିର୍ଜନ ନିକେତନେ ପ୍ରହାନ୍ତ କରିଲେନ । ରାଜା ଅନେକକଷଣ ଦୁଃଖମାନ ଥାକିଯା, ତୀହାର ବାକ୍ୟେ ମହିଷୀ ମନଃପୀଡ଼ା ଥାଇଯାଛେନ ଏହି ଅମୁଶୋଚନା କରିତେ କରିତେ, ଶୟନାଲୟେ ଅବେଶ କରିଲେନ ।

ମହିଷୀ ଧରାସନେ ବସିଯା ବାମ କରେ କପୋଳ ବିନ୍ଦୁକୁ କରିଯା, ଆପନାର ଦୂରଦୃଷ୍ଟିର ବିଷୟେ ଭାବନା କରିତେ ଲାଗିଲେନ । ତୀହାର ନୟନଯୁଗଳ ହଇତେ ଅନର୍ଗଳ ଅଞ୍ଚଧାରୀ ନିର୍ଗତ ହଇଯା ବାମଭୂଜ ବହିଯା ଚଲିଲ । ସେଇ ସମୟେ ଭାବ ଭାବନା କରିଲେ ବୋଧ ହୟ, ଯେମ ପଞ୍ଚାସନା ମଦ୍ଦାକିନୀ ମୃଣାଳ-ବାହିନୀ ହଇଯାଇଲେନ । ଏହିକ୍ରପ ଅବସ୍ଥାଯ ତିନି ଧରା-ଶୟାମ ନିଜ୍ଞାଗତ ହଇଲେନ, ଏବଂ ଯାମ୍ବିନୀ ଅବସାନ ହଇବାର କିଞ୍ଚିତ ପୂର୍ବେ ସ୍ଵପ୍ନେ ଏକ ଆଶ୍ରତ୍ୟ ବ୍ୟାପୀର ଦର୍ଶନ କରିତେ ଲାଗିଲେନ । ଏକ ବହା-ତେଜସ୍ଵୀ ତାପସ୍ୟ ଯେନ ତୀହାର ସମୀପବର୍ତ୍ତୀ ହଇଯା ମଧୁରଦଙ୍ଗାବ୍ୟଥେ ରହିତେଛେ, “ବଂସେ ! ଆର ବିଶ୍ଵାପ କରିଓ ନା, ଆମି ତୋଯାର ମନୋହଃଥ ଦୂରୀକରଣାଭିଲାବେ ନର-ଜୁଲ୍ଲଭ ହୁଇଟି ମନୋ-

হৰ ফল আনিয়াছি, প্রহণ কর ;” এই বলিয়া দক্ষিণ হস্ত
প্রসারণপূর্বক তাঁহার করে ফল অর্পণ করিতেছেন, এই
কালে মহিষীর নিদ্রাভঙ্গ হইল ।

স্বপ্নে এইজন আশ্চর্য ঘটনা দর্শন করিয়া রাজ-জায়া
বিশ্বযোৎসুকলোচনে চতুর্দিকে দৃষ্টি করিতে গাগিলেন । কিন্তু
কিছুই দেখিতে পাইলেন না, কেবল প্রাতঃসময়ের শীতল
সমীরণ সঞ্চালিত হইয়া তাঁহার সর্বাঙ্গ সুশীতল ও রোমাক্ষিণ
করিতেছে অমুভব করিলেন, এবং নিকটে কেহই নাই
পূর্বের ন্যায় ধরাশয্যায় শয়ন করিয়া আছেন, এইমাত্র
দেখিতে পাইলেন । অমনি রাত্নত্বস্তু হইয়া গাত্রোথান
করিয়া, দুঃখের দুঃখী স্বরের স্বীকৃত প্রিয়তমা শাস্তা দাসীকে
নিকটে ডাকিয়া স্বপ্ন-বৃত্তান্ত কহিলেন । শাস্তা অতিবৃক্ষ ও
বুদ্ধিমতী, সুতরাং স্বপ্নের মর্ম অনায়াসে বুঝিতে পারিয়া,
মহাস্যবদনে কহিলেন, ঠাকুরাণি ! ভগবান् আপনার প্রতি
প্রেম হইয়া ফলপ্রদানে মনোবাঞ্ছা পূর্ণ করিয়াছেন, এ ক্ষণে
ষষ্ঠী দেবীর স্থানে গলবদ্ধে প্রার্থনা করুন, তিনি আপনার
স্বপ্ন সমূলক করিবেন ।

অন্তঃপুর-মধ্যে পরম্পর এই কথার আন্দোলন হওয়ায়
রাজাৰ কৰ্ণ-গোচৰ হইল । যেমন অনাবৃষ্টিতে বিনুমাত্র
মেঘবারি পতিত হইলে, চাতকেৱ নিৱাশ চিত্তে আশালতা
অঙ্গুরিত হইতে পাকে, তজ্জপ মহারাজেৰ হতাশ চিত্তে
কিঞ্চিত্যাত্ম আশাৰ সঞ্চাৰ হইল ।

বাপু সকল ! স্বৰ্থ দুঃখের অবস্থা চিৱকাল সমান যাব না ।
দুঃখাস্তে স্বৰ্থের উদয় এবং স্বৰ্থাস্তে দুঃখের ভাৱ অবশ্যই বহু-

କରିତେ ହୟ । ଅତେବ ଅତିମାତ୍ର ବିପଦ ଉପଶିତ ହଇଲେ ଓ ଧୈର୍ଯ୍ୟବଲସନେ କାଳପ୍ରତୀକ୍ଷା କରା କର୍ତ୍ତବ୍ୟ । ଦେଖ, ମହାରାଜ ଜୟସେନ ଓ ଏକାଳପର୍ଯ୍ୟନ୍ତ ଧୈର୍ଯ୍ୟବଲସନେ ସମୟ ପ୍ରତୀକ୍ଷା କରିଯାଇଲେ-ବୁକ୍ଷେ ମାନବହର୍ତ୍ତ ଫଳ ପ୍ରାପ୍ତ ହଇଲେନ, କେନନା କିମ୍-ଦ୍ଵିବନାନ୍ତେ ରାଜାଙ୍କନା ହେମବତୀ ଗର୍ଭବତୀ ହଇଲେନ ।

ଗର୍ଭାଧାନେ ଶଶିକଳା-ସନ୍ଦର୍ଭ ରାଜ-ଲଲନାର ମୁଖଶ୍ରୀ ବୁନ୍ଦି ପାଇତେ ଲାଗିଲ । ତିନି ମଧୁର-ରସାୟନ-ବିରତା ହଇଯା ଦର୍ଶକ ମୃତ୍ତିକା ଓ ଅମ୍ବରଦୀର୍ଘାଦେ ଅଧିକ ଇଚ୍ଛାବତୀ ହଇଲେନ, ଅପୂର୍ବ ପଲ୍ୟଙ୍କୋପରିଭାଗ ପରିତାଗ କରିଯା, ଧରାତଳେ ଅଞ୍ଚଳ-ଶୟାମ ଶୁଦ୍ଧକର ବୋଧ କରିତେ ଲାଗିଲେନ, ଏବଂ କ୍ରମେ ପୂର୍ଣ୍ଣଗର୍ଭ ହଇଲେନ ।

ମହିଷୀର ଅସବ-ବେଦନା ଉପଶିତ, ରାଜୀ ଏଇମାତ୍ରଶ୍ରବଣେ ଅମୋଦ-ବାଟିକା ପ୍ରବେଶପୂର୍ବକ ଅନ୍ୟମନଙ୍କେର ମତ, କଥନ ବାହିରେ କଥନ ଅନ୍ତରେ ଗମନାଗମନ କରିତେଛେନ । ଇତିମଧ୍ୟେ ବ୍ୟଙ୍ଗ-ନିକାକେ ଅନ୍ତରେ ଅନ୍ତଗାମିନୀ ଦେଖିଯା ଅଗ୍ରମର ହଇଯା ଜିଜ୍ଞାସା କରିଲେନ, ବ୍ୟଙ୍ଗନିକେ ! ସମାଚାର କି ? ଅତିବେଗେ ଗମନ କରାତେ ମେ ତ ତଥନ କିଛୁଇ ବଲିତେ ପାରିଲ ନା, କେବଳ “ମହାରାଜ !” ଏହି ସମ୍ବେଦନେ ସଥନେ ନିଶ୍ଚାଳ ପ୍ରେସନ ତ୍ୟାଗ କରିତେ ଲାଗିଲ । ଶେହେର ଧର୍ମଇ ଜନିଷ୍ଟାଶଙ୍କା, ଇହାତେ ରାଜୀ ଏକେ ଆର ବିବେଚନା କରିଯା ତାହାର ମୁଖପାନେ ଚାହିଯା ଥାକିଲେନ । ପରେ ମେ ଗତକ୍ରମ ହଇଯା କହିଲ, “ଆପନାର ଏକଟୀ ଶୁକ୍ଳମାର ହଇରାହେ ।” ରାଜୀ ଆଶାହୁରୂପ ଶୁଭ ସଂବାଦ ଶ୍ରବଣେ

* ଚିତ୍ତରଥ ଗଞ୍ଜରପତି ଦେଇ ଅଦ୍ୟାମନ୍ୟ ହରକର୍ମେର ପ୍ରାୟଚିତ୍ତବ୍ୟକ୍ରମ କଠୋର ଜୀବନ-କୋରାଯାମ୍ କରିତେ ଲାଗିଲେନ ।

ସୁର୍ରତ୍ତିଚିତ୍ରେ ଆପନାର କର୍ତ୍ତତ୍ତ୍ଵିତ ବହୁମାୟ ମଣିମର ହାର ସଂବନ୍ଧରେ ଲାଗିନୀକେ ପୁରୁଷାର କରିଯା ଅବିଲମ୍ବେ ଅନ୍ତଃପୂରେ ଥମନ କରିଲେନ । କୁମାରେର ଶୁକୁମାର ମୁଖ-ଚଞ୍ଚଳା-ନିରୀକ୍ଷଣେ ତୋହାର ହନ୍ଦମୁଦ୍ରା ପ୍ରକ୍ରିୟା ହେଲା । ତଥନ ତିନି ନିମେଷଶୂନ୍ୟଲୋଚନେ ବାରଙ୍ଗବାର ଦେଇ ଚଞ୍ଚଳା ଅବଲୋକନ କରିଲେ ଲାଗିଲେନ, କିନ୍ତୁ ତୋହାର ମେତ୍ର-ପିପାଦା ଜ୍ଞାନେ ବଲବତ୍ତି ହେଲେ ଲାଗିଲା । ଫତ୍ତାର ଦେଖେନ ତତ୍ତ୍ଵର ଅଭିନବ ବୋଧ ହସ୍ତ, ଏବଂ ଦେଇ ଶୁକୁମାର ସୌନ୍ଦର୍ୟ-ଶାଳା ନୃତ୍ୟ ନୃତ୍ୟ ଧାରଣ କରିଯା ତୋହାର ଚିତ୍ତ-ପଟେ ଅନ୍ତିତ ହେଲେ ଥାକେ । ରାଜୀ ଆନନ୍ଦେ ବିହଳ ହେଲା କହିଲେ ଲାଗିଲେନ, ସଂସାରୀର ସଂସାର-ଭାବେ ଅଭିମାନ କ୍ଳାନ୍ତ ହେଲା ଯେ ପୁତ୍ରେର ମୁଖ୍ୟବଲୋକନେ ସକଳ ହୁଅ ଦୂର କରେନ, ଯେ ପୁତ୍ର ତୁମ୍ଭିରେ ହେଲେ ପିତୃଲୋକ ପରିତ୍ରପ୍ତ ହନ, ଆମି ଆଜି ଦେଇ ପୁତ୍ରେର ମୁଖ୍ୟ ଅବଲୋକନ କରିଲେଛି, ଅତ୍ୟବେଳେ ଆମାର ନ୍ୟାୟ ଭାଗ୍ୟବାନ୍ କେ ଆଛେ ?

ପୈତୃକରୀତ୍ୟଗୁମାରେ ଶୁଭ କର୍ମେ ସେ କ୍ରିୟା-କଳାପ କରିଲେ ହସ୍ତ, କାଳକ୍ରମେ ତୋହାର କିଛୁରଇ ଅନ୍ୟଥା ହେଲା ନା । କୁଳାଚାର୍ୟ-ଶ୍ରମକୁତ୍ତେର ଅଲୋକିକ କ୍ରମାବଣ୍ୟ ଦେଖିଯା ବିଜୟଚଞ୍ଜଳି ନାମ ରାଖିଲେନ । କ୍ରବେ କ୍ରମେ ପୁତ୍ର ବିଦ୍ୟାଭ୍ୟାସୋପଯୁକ୍ତ-ବସ୍ତ୍ର ହେଲେ, ନୃପତି ଶୁଭସ୍ତ୍ର-ମାମା ପ୍ରଧାନ ମଞ୍ଜୀକେ ଉଦ୍ୟାନମଧ୍ୟେ ଏକ ବିଦ୍ୟାମଦ୍ବିର ପ୍ରସ୍ତତ କରାଇଲେ ଅଜ୍ଞାନ କରିଲେନ । ମତ୍ରିବର ଶ୍ରପତିକେ ଡାକାଇଯା, ଅସିନ୍ଦିଗ୍ରାମୀମତ ବିଦ୍ୟା-ନିକେତନ ନିର୍ମାଣ କରିଲେ କହିଲେନ । ଶ୍ରପତି ଅତ୍ୟନ୍ତ ଦିନେର ମଧ୍ୟେ ଏକ ଅଟ୍ଟାଲିକା ପ୍ରସ୍ତତ କରିଲ । ଅନ୍ତରେ ରାଜୀ ଧୈର୍ୟଶୀଳ, ଶ୍ରଦ୍ଧାଯୁକ୍ତ, ଧର୍ମ-ବିଭାବ, ରୀତିନୀତିଜ୍ଞ, ଦୂରଦୃଶୀ, କୁସଂକ୍ଷାର-ବିଜୟ

ଶ୍ରୀମଦ୍ଭାଗବତ-ବିଶିଷ୍ଟ ଏକ ଆଚାର୍ୟ ନିଯୁକ୍ତ କରିଯା ତୀହାର ମହିଷା-
ଧାନେ ପାଠାରେ ପ୍ରତିକେ ସମର୍ପଣ କରିଲେନ । ନଗରଙ୍କ ଅନ୍ୟାନ୍ୟ
ବିଦ୍ୟାଲୟରେ ତ୍ରୈମାତ୍ର ମହିନେ ମିଲିତ ହିଲ ।

ବାହା ମକଳ ! ଶୁଣିଲେ ତ, ଶିକ୍ଷାଚାର୍ୟର କତ ଶୁଣ ଥାକ୍ତା
ଆବଶ୍ୟକ । ଉତ୍ତରକୁଳ ଆଚାର୍ୟ ନା ହିଲେ, ଶୁକୁମାର-ହଦ୍ଦର
ଶିଶୁଗଣେର ଶିକ୍ଷାକାର୍ୟ ସୁଚାକରିତାପେ ସମ୍ପଦ ହେଯ ନା ; କେନନ୍ତି
ପରିଣାମେ ଶିଷ୍ୟଗମ ଶିକ୍ଷକର ପ୍ରକୃତିର ଅନୁକରଣ କରେ ।
ଯେମନ ତାତ୍ତ୍ଵପାତ୍ରେ ସ୍ଵର୍ଗ ରାଖିଲେ ସ୍ଵର୍ଗ ତାତ୍ତ୍ଵବର୍ଣ୍ଣ ପ୍ରାପ୍ତ ହେଯ, ତତ୍କର୍ତ୍ତା
ଶିକ୍ଷକର ପ୍ରକୃତି ହୀନ ହିଲେ ଶିଷ୍ୟଗଣେରେ ଚରିତ୍ର ହେଯ ହେଯ,
ଥିଲେ ନାହିଁ । ରାଜୀ ଜୀବନେର ହୃଦୟର ଶିକ୍ଷା-
ଶ୍ରୀଗାନ୍ଧି ଏଥିନ ପର୍ଯ୍ୟନ୍ତ ଆମାର ମନେ ଜୀବନକ ଆଛେ । ଏକମ୍ଭାବି-
ଆମି ବିଦ୍ୟାଲୟରେ ଉପହିତ ହିଲ୍ଲା ଦେଖିଲାମ, ବାଲକଗମ ଏକା-
ବଳୀ-ହାର-ସ୍ଵର୍ଗପ ବୁଝିକାମାଳାର * ବସିଯା ଆଛେ, ଶିକ୍ଷକଗମ
ସେତ୍ର-ସିଂହାସନେ + ବସିଯା କର୍ତ୍ତବ୍ୟ କର୍ମ ସମ୍ପାଦନ କରିଲେଛେ ।
ସହମା ଆମାକେ ସମାଗତ ଦେଖିଯା ତୀହାରୀ ସମୁଚ୍ଚିତ ମୁଦ୍ରାର-
ପୂର୍ବିକ ସ୍ଵାଗତ ଜିଜ୍ଞାସା କରିଲେନ ଏବଂ ବାଲକଗମରେ ବିଦ୍ୟ-
ଲୟରେ ପ୍ରକୃଷ୍ଟ ପଦ୍ଧତିକୁ ସଜ୍ଜମୟତକ-ବାକ୍ୟ-ଶ୍ରୀମତୀଙ୍କୁ ଦଶାନ୍ତି-
ମାନ ହିଲ । ଆମି ସହାସନ୍ୟଥେ ତୀହାଦିଗକେ ବସିଲେ ବସି-
ଲାମ । ସକଳେ ଉପରୁଶର କରିଲ । ଅଭିନାଶ କ୍ରମେ ପ୍ରତି
ଶ୍ରେଣୀତେ ଗମନ କରିଯା ଦେଖିଲାମ ବେଳ, ବେଦାଙ୍କ, ହୃତି, ଭୂଗୋଳ,
ଜ୍ୟୋତିର, ପଦାର୍ଥବିଦ୍ୟାର ମାନାପ୍ରକାର ଶାନ୍ତର ଆଶୋଚରୀ
ହିଲେଛେ । ପ୍ରାମାଣେର ଭିନ୍ନିତେ ଚିତ୍ର-ଭୂଗୋଳ ଓ ଚିତ୍ର-ଧୋଗୋଳ

শ্রুতি বিচিৰ চিৰ-ফলকে চিৰিত ৱহিয়াছে। অগ্ৰবিধ্যাত্ মহামান্য পঞ্জিগণেৰ প্ৰতিমূৰ্তি, দেশ-বিদেশীয় নানাজাতীয় জীৱ জন্মৰ অবিকল চিৰ সকল, স্বচ্ছাদৰ্শে আৰুত ৱহিয়াছে; এবং খেতপ্ৰস্তুৱ-নিৰ্মিত ভগৱান্ বালীকি, ব্যাস, পৰাশৰ অভূতি মহাআদিগেৰ প্ৰতিকৃতি দ্বাৰা বিদ্যালয় অপূৰ্ব শোভা ধাৰণ কৱিয়াছে;—হঠাৎ দেখিলে বোধ হয়, যেন তাহারা জীৱিত থাকিয়া বালকবৃন্দেৰ বিদ্যা-বিষয়ে তত্ত্বাবধান কৱিতে-ছেন। তাহাদেৱ অণীত গ্ৰহণমূদ্যাম গ্ৰহণামৰে পুস্তকতলা-বলীতে * শৰে শৰে স্থাপিত ৱহিয়াছে। বিদ্যালয়েৱ আন্তৰে এক ব্যাঘামালয়, দক্ষিণাংশে সঙ্গীতশালা, উত্তৱাংশে শিল্পালয়, যথানিয়মে প্ৰতিষ্ঠিত আছে। বিজয়চন্দ্ৰ পাঠ্য-শ্যাসে নিযুক্ত হইয়া অত্যন্ত দিনেই সৰ্বশাস্ত্ৰে সুনীক্ষিত হইলেন। আচাৰ্য্যেৱা তাহাকে কৃতবিদ্য দেখিয়া উপযুক্ত প্ৰশংসাপত্ৰ প্ৰদান কৱিলেন। অনন্তৰ তিনি বিদ্যালয়েৱ উচ্চতম শ্ৰেণীতে উন্নীত হইয়া রাজনিয়ম ও ৱণকোশল শিক্ষা কৱিতে লাগিলেন।

ৱাজাঙ্গনা হেমবতী পুনৰ্গৰ্ভবতী হওয়াৰ চিত্ৰঘজ গকৰ্ব তাহার গৰ্ভে জন্মগ্ৰহণ কৱিয়া বথাকালে ভূমিৰ্ষ হইলেন। গ্ৰহণোন্তু পূৰ্ণেন্দু বিমান-মণ্ডলে প্ৰাকাশিত হইয়া বিমল অতা বিস্তাৱ দ্বাৰা দিয়ণুনীকে আলোকময়ী কৱিলে যেমন ঋমণীয় হয়, সদ্যোজাত স্বত দেইজনপ স্তুতিকাগৃহকে ঋমণীয়

কুরিল। ক্ষুৎপিপাসু দীনজনের অসুস্থলাভের সহিত স্বর্ণ-
লাভ হইলে যেমন পরিত্থিত ও আনন্দ জন্মে, এই শুভ সংবাদ
শ্রবণে রাজাৰও তজ্জপ প্রীতি ও আনন্দ হইয়াছিল। সময়ে-
চিত প্রসব-সংস্কার একে একে সমাধা হইতে লাগিল। কাল-
ক্রমে যে যে ক্রিয়াকলাপ আবশ্যক, সে সমুদায়ই সম্পন্ন
হইল। রাজা পুত্রের স্বরূপ মুখত্বী অবলোকনে বসন্ত-
কুমার নাম প্রদান করিলেন। বসন্তকুমার মাতার হৃদয়-
সরোবরে পঞ্চের ন্যায় অক্ষুটিত হইয়া পিতার নেতৃত্বাল্ল
বর্ধন করিতে লাগিলেন। নৃপাল এইস্থাপে পুত্র-কলাত্তা
লাইয়া নিম্নস্বেগে সংসার-যাত্রা নির্বাহ করিতে লাগিলেন।

বৎস সকল ! পূর্বেই বলিয়াছি, এই পৃথিবীতে স্বৰ্ত্তন
ছাঁথের অবস্থা চিরদিন সমান থাকে না। যেমন দিননাথ
অস্তগত হইলে, তামসময়ী যামিনীৰ আগমন হইয়া থাকে,
সেইস্থাপ স্বৰ্তনের অবস্থানে ছাঁথের উদয় হয়। রাজা জয়সেন
নিম্নৎকৃষ্ণে সংসার-যাত্রা নির্বাহ করিতেছিলেন, অক্ষয়াৎ
মহিষীৰ হৎপিণ্ড বিকৃত হওয়ায় এক অভূতপূর্ব ব্যাধি
তাঁহাকে আক্রমণ করিল। তিনি দিনদিন কৃশা ও মলিনা
হইতে লাগিলেন। তাঁহার অপরূপ লাবণ্য আর কিছুই
ধাক্কা নাই দেখিয়া পূর্ণশীকে যেন এককালে কৰ-
লিত করিল। অসিক চিকিৎসকগণ আহুপূর্বিক চিকিৎসা
করিলেন, কিন্তু কৃতকার্য হইতে পারিলেন না। উত্তরোত্তৰ
ব্যাধিৰ আতিশয্য হইয়া, মহিষী অগ্নিতাপিত পুষ্পের ন্যায়
মলিন ও শয়াগত হইলেন। এবং আসনকালে প্রাণধিক
পুত্রবৃক্ষে নিকটে বসাইয়া, বসন্তকুমারের হস্ত ধরিয়া বিজয়-

ଚଞ୍ଜକେ କହିଲେନ, ବାହୀ ବିଜୟ ! ଦୁରସ୍ତ କାଳ ବ୍ୟାଧିକୁପେ ଆମାକେ ଆକ୍ରମଣ କରିଯାଇଛେ । ଇହାର କଠିନ ହଣ୍ଡ ହିତେ ଆର ଆମାର ଅବ୍ୟାହତି ନାହିଁ । ବାହୀ ରେ ! ଆମାର ମନେର ବ୍ୟଥା ମନେଇ ଥାକିଲ । ଆମି ତୋମାଦିଗକେ ପରିତ୍ୟାଗ କରିଯାଇ ଚଲିଲାମ । ତୋମରା ଦୁଟି ଭାଇ ଚାନ୍ଦମୁଖେ ଏକବାର ମା ବଲିଯାଇଲାକ, ଶୁନିଯା ଜନ୍ମେର ମତ ବିଦ୍ୟାମ ହିଁ । ଏହି କସେକଟି କଥା କହିବାମାତ୍ର, ଅନ୍ତର୍ବାର୍ଷି-ଭରେ କର୍ତ୍ତାବରୋଧ ହିଲେ, ତିନି ଚିଞ୍ଚ-ପୁତ୍ରଲୀର ନ୍ୟାୟ, ପୁତ୍ରଦିଗେର ପାନେ ଚାହିୟା ରହିଲେନ । ବିଜୟ-ଚଞ୍ଜ ମାତାର ଏତାଦୃଶ ବିଲାପବାକ୍ୟଶ୍ରବଣେ ଓ ତେବେଳୁଟିଟି ଭାବ ନିରୀକ୍ଷଣେ ଅପାର ବିଷାଦ-ସାଗରେ ପତିତ ହିଲେନ, ନୟନ-ସୁଗଲେର ଜଲେ ତ୍ରୀହାର ବକ୍ଷଃତ୍ରଳ ପ୍ରାବିତ ହିଲ । ବସନ୍ତକୁମାର ନିତାନ୍ତ ଶିଶୁ, ମା ବା କି ଜନ୍ୟ କାନ୍ଦିତେହେନ ଏବଂ ଦାଦାଇ ବା କେନ କାନ୍ଦିତେହେନ, ତାହା କିଛୁଇ ବୁଝିତେ ନା ପାରିଯା, କେବଳ ତ୍ରୀହାରା କନ୍ଦିତେହେନ, ଅତଏବ ମା ମା ବଲିଯା ଉଚ୍ଚେଃସ୍ଵରେ ରୋଦନ କରିତେ ଲାଗିଲ ।

ଆହା ! ଅପତ୍ୟମେହେର କି ଆଶ୍ଚର୍ଯ୍ୟ ଭାବ ! ମହିଦୀର ତ ଆର ଅଧିକକ୍ଷଣ ଅପେକ୍ଷା ନାହିଁ, କ୍ରମେ ମୃତ୍ୟୁଲକ୍ଷଣ ପ୍ରକାଶ ପାଇତେ ଲାଗିଲ ; ତଥାପି ଆଗାଧିକ ପୁତ୍ରବୟେର ବ୍ୟାକୁଲାବସ୍ଥା, ଉପହିତ କଟ ଅପେକ୍ଷା ସମ୍ବିଧିକ ବୋଧ ହିଲ । ତିନି ରୋଦନ-ବଦନେ କହିଲେନ, ବାହୀ ବନ୍ଦତ୍ତ ! ଏସ ଆମାର କୋଳେ ଏସ, ଆର କାନ୍ଦିଓ ନା, ତୋମାର ଭୟ କି ? ଅନ୍ତର ବିଜୟଚଞ୍ଜକେ କହିଲେନ, ବାହୀ ! ତୁ ମିଓ କି ପାଗଳ ହିଲେ ! କୋଥାର ବନ୍ଦତ୍ତକେ ସାଙ୍ଘନୀ କରିବେ, ନା ଆପନିହି ଅଧେର୍ଯ୍ୟ ହିଲେ ! ଛି ଛି ! କାନ୍ତ ହୁଁ, ବନ୍ଦତ୍ତକେ କୋଳେ ଲାଇଯା ଅଭାଗିଲୀକେ

ଚରିତାର୍ଥ କର । ଏହି ବଲିଯା ବସନ୍ତକୁମାରକେ ବିଜୟଚନ୍ଦ୍ରର ହଞ୍ଚେ ସମର୍ପଣ କରିଯା କହିଲେନ, ଆମାର ଜୀବନେର ଜୀବନ ଅଞ୍ଚଳେର ଧନ ତୋମାକେ ଦିଲାମ । ତୋମାର ଛୋଟ ଭାଇ ବଟେ, ତଥାପି ମାସେର ମାଥାୟ ହାତ ଦିଯା ଶପଥ କରିଯା ବଳ, ଇହାକେ କଥନ କିଛୁ ବଲିବେ ନା, ମର୍ବଦୀ ନିକଟେ ରାଖିବେ । ବିଜୟ-ଚନ୍ଦ୍ର ଅଞ୍ଚପୂର୍ଣ୍ଣନୟନେ କହିଲେନ, ମା ! ବସନ୍ତକେ କାହାର ନିକଟେ ରାଖିଯା ଯାନ, ଏ ରୋଦନ କରିଲେ ଆମି କି ବଲିଯା ବୁଝାଇବ । ଏଇମାତ୍ର କହିଯା ଉତ୍ତରୀୟବସନ୍ତାଞ୍ଚଳେ ମୁଖାଚ୍ଛାଦନ-ପୂର୍ବକ ହରଶଦେ ରୋଦନ କରିଯା ଉଠିଲେନ । ରାଜୀ ମହିଷୀର ବିଲାପେ ଓ ପୁତ୍ରବୟେର କ୍ରମନେ ସାତିଶୟ ବ୍ୟାକୁଳ ହଇଯା ରୋଦନ କରିତେ ଲାଗିଲେନ ।

ଶାସ୍ତ୍ର ଅକ୍ଷ୍ମାଂ ଦୂର ହିତେ କ୍ରମନେର ଧରନି ଶୁନିଯା ଦୌଡ଼ାଦୌଡ଼ି ଆସିଯା କହିଲ, ଆ ! ତୋମରା କି ସକଳେଇ କିମ୍ପ ହଇଯାଛ । ମା ଠାକୁରାଣୀ ଏକେ ବ୍ୟାଧିର ଜାଲାର ଅଷ୍ଟିର, ତାହାତେ ଆବାର ତୋମରା କାନ୍ଦାକାଟି କରିଯା ଆରଙ୍ଗ ବ୍ୟାକୁ-ଲିତା କରିତେଛ ; ଇହାରା ତ ଛେଲେ ମାତ୍ରୟ, କାନ୍ଦିତେଇ ପାରେ ; ମହାରାଜ ଇହାଦିଗକେ ସାତ୍ତନା କରିବେନ, ନା ଆପନିଷ ଛେଲେର ଯତ ହଇଯାଛେନ । ଏଇକ୍ଲପ କହିତେ କହିତେ ଷାଟ୍ ଷାଟ୍ ବଲିଯା ବସନ୍ତକୁମାରକେ କ୍ରୋଡ଼େ କହିଯା କହିଲ, ବାହା ରେ ! ଚୁପ କର, ଆର କାନ୍ଦିଷ ନା, ତୋମାର ମା ଏଥରି ଭାଲ ହଇ-ବେନ । ପରେ ବିଜୟଚନ୍ଦ୍ରର ହଞ୍ଚ ଧରିଯା କହିଲ, ବାହା ବିଜର ! ତୁମି ତ ଅବୋଧ ନାହିଁ, ତୋମାକେ ଆର କି ବୁଝାଇବ, ଏଥନ ତୋମାର କାନ୍ଦିବାର ସମୟ ନାହିଁ, ଦେଖିତେଛ ନା ତୋମାର ମା କେବଳ ସବୁଟେ ପଡ଼ିଯାଛେନ, କାନ୍ଦିଲେ ଆର କି ହିବେ ବଳ,

এক্ষণে পুত্রের যে কর্তব্য তাহাই কর । শাস্তা এইরূপে একে একে সকলকেই সাস্তনা করিল ।

রাণী শাস্তা আসিয়াছে জানিতে পারিয়া, নিকটে বসিতে কহিলেন । শাস্তা নিকটে বসিলে, কাতরস্বরে কহিলেন, শাস্তে ! আমি সংসারের তাৰৎ ভাৱ হইতে অবস্থত হইলাম । তোমাকে যদি কখন কিছু বলিয়া থাকি, সে অপরাধ ক্ষমা করিয়া, জন্মের মত বিদায় দাও । অধিক আৱকি বলিব, আমাৰ বিজয়-বস্তু আজি হইতে তোমাৰ হইল । এই সংসারে, আমাৰ বলিয়া, উহাদিগের মুখ-পানে চায় এমন কেহই নাই, তুমি মা হইয়া পাঁচন কর । এইরূপ কহিতে কহিতে রাজাৰ দিকে দৃষ্টিপাত হওয়াৰ কহিলেন, মহারাজ ! এ অভাগিনী আপনাৰ দাসী হইয়া অনেক শুধুমাত্রে কৃত ক্ষমতা ক্ষেত্ৰে নাই ; এক্ষণে আমাৰ আসন্ন কাল উপস্থিত, যদি কখন কোন অপরাধ করিয়া থাকি, দাসীকে অভয়দানে মার্জনা কৰন । আপনি ভূপতি, মনে কৰিলে আমা হইতে শত গুণ-বৃত্তি পাইতে পারিবেন ; কেবল আমাৰ বিজয়-বস্তুই মাত্র-হীন হইল, তাহারা আৱ মা পাইবে না ; আপনি পাছে তাহাদিগকে বিশ্বত হন, আমাৰ এই আশক্তা হইতেছে । দেখা সাক্ষাৎ যা হইবাৰ জন্মের মত হইল । এই বলিয়া রাণী নিষ্ঠক হইলে, রাজা দীৰ্ঘ নিঃখাস পরিত্যাগপূৰ্বক রোদন কৰিতে লাগিলেন ।

জ্ঞে রাজীৰ নিঃখাস প্রশ্বাস কুকু হইয়া আসিল, দেখিতে দেখিতে আণবায়ু বায়ুৰ সহিত মিলিত হইল ; ক্ষেপণ

ଆୟାମଗୀ ଛବିମାତ୍ର ଧୂଳାୟ ଧୂରିତ ହିତେ ଲାଗିଲ । ପୁର-
ବାମିନୀଗଣ, କେହ ବା ହା ମାତଃ ! କେହ ବା ହା ରାଜମଙ୍ଗି ! କେହ
କେହ ପ୍ରିୟମଧି ! ସର୍ବୋଧନେ ଉଚ୍ଛେଷ୍ଟରେ ରୋଦନ କରିତେ
ଲାଗିଲ । କେହ ବା ତୋହାର ମୃତ-ଶରୀରୋପରି ଅବିଶ୍ରାନ୍ତ
ଅକ୍ଷପାତ କରିଯା ଅନ୍ତେର ଧୂଳା ଧୂତ କରିତେ ଲାଗିଲ । ଏହି-
କଲପେ ସକଳେର ଶୋକାନଳ ଅନ୍ତିମ ହିତେ ଉଠିଲେ ବିଜୟଚଞ୍ଜଳି ଓ
ବନସ୍କତୁମାର ମା, ମା, ଶକ୍ତ କରିଯା ତାହାତେ ରୋଦନାହତି
ଆନାନ କରିତେ ଲାଗିଲେନ ।

ଅଜେଖର ପ୍ରଗୟିନୀର ବିଯୋଗେ ବାକୁଳ ହିତେ ଦଶ ଦିନ୍
ଶୂନ୍ୟ ଦେଖିତେ ଲାଗିଲେନ । ତଥନ ତିନି, ଶୁଦ୍ଧେର ଅବହାୟ
କି ହୁଃଥେର ଦଶାୟ, ଲୋକାଳୟେ କି ବିଜନ ବନେ, ନିଦ୍ରାବହାୟ
କି ଜାଗ୍ରତ-ଅବହାୟ, ଶୂନ୍ୟଗଥେ କି ଧରାତଳେ, ଆଛେନ, କିଛୁଇ
ନିଶ୍ଚଯ କରିତେ ପାରିଲେନ ନା । କଥନ କହିତେ ଲାଗିଲେନ,
ପ୍ରିୟେ ! କୋଣାଯ ଯାଓ, ଆମାକେ ଛାଡ଼ିଯା ଯାଇତେ ପାରିବେ ନା ;
ସଦି ନିତାନ୍ତଇ ଯାବେ, ତବେ କିଞ୍ଚିତ ଅପେକ୍ଷା କର, ଆମିଙ୍କ
ତୋମାର ଅମୁଗ୍ଯମନ କରିତେଛି । କଥନ, ହା ସତି ! ତୁମି କି
ନିଷ୍ଠୁର, ଆମାକେ ଅଗ୍ରପାଶେ ବନ୍ଦ କରିଯା ଏଥନ କୋଥାର ଯାଇ-
ତେବେ ଆମି ତୋମା ବେଇ ଜାନି ନା, ଚିରକାଳ ଏକତ୍ର ଛିଲାମ,
ସାଇବାର ସମୟ ଅପରିଚିତତ୍ବେ କିଛୁଇ ବଣିଲେ ନା, ଆମି କି
ଅପରାଧ କରିଯାଇ ? ଆର, ସଦି ଅପରାଧୀ ହିତେ ଥାକି, ତାହା
ହିଲେ ପ୍ରେମାଦୀନକେ ଏକଥ ହୁଃମହ ଯାତନୀ ଦେଓଯା ଉଚିତ
ନୟ । ତାଳ, ଆମାକେଇ ସେନ ବିଶେଷ ଅପରାଧୀ ଜାନେ ପରି-
ତ୍ୟାଗ କରିଲେ, ବଳ ଦେଖି, ତୋମାର ପୁତ୍ରୋଙ୍କ କି ଅପରାଧ
କରିଯାଇଛୁ, ତୁମି ତାହାଦିଗଙ୍କେ ପରିତ୍ୟାଗ କରିଯା କେନ ଯାଇ-

ତେବେ ? ତୁ ମି ତାହାଦିଗକେ ପରିତ୍ୟାଗ କରିଯା ଯାଇତେହ, ତଥାପି ତାହାରା ଦୀନନୟନେ ତୋମାପାନେଇ ଚାହିୟା ଆଛେ । ନରନେ-ଶୀଳନପୂର୍ବକ ଏକବାରରେ ଦେଖିଲେ ନା ?

ମହାରାଜ କରୁଣସ୍ଵରେ ଏବଂବିଧ ନାନାଅକାର ବିଲାପ କରିତେ ଲାଗିଲେନ । ଅନୁଷ୍ଠାନିକ ଅଭିଭାବକ ଅମାତ୍ୟବର୍ଗ ମହିସୀର ଶବ୍ଦରେ ଲାଗିଲେନ । ଭୂପତି ପ୍ରଗମ୍ଭିତୀର ବିଯୋଗେ ଶୋକାଗାରେ ଶୟନ କରିଲେନ, ଏବଂ ପୂର୍ବାପର ସମସ୍ତ ବ୍ରତାଙ୍କ ସତହି ତାହାର ଶ୍ରତିପଥାକ୍ରତ୍ତ ହଇତେ ଲାଗିଲା, ତତହି ବ୍ୟାକୁଳିତ ହଇଯା ଶୋକ-ସାଗରେ ନିଷୟ ହଇତେ ଲାଗିଲେନ ।

ପ୍ରଥାନ ମନ୍ତ୍ରୀ ନରନାଥକେ ଶୋକାଗାରେ ଶୟାନ ନିରୀକ୍ଷଣ କରିଯା, ପ୍ରାଞ୍ଚଲ-ପୂର୍ବକ କହିତେ ଲାଗିଲେନ,—ମହାରାଜ ! ସାଂସକ୍ରାନ୍ତିକ ଅସାର ମାଯାରେ ମୁଖ୍ୟ ହଇଯା କେନ ଶୋକ-ସନ୍ତାପ ବିନ୍ଦୁର କରିତେଛେ ? ଏହି ଯେ ସଂସାର, କେବଳଇ ସଂସାର । ଯେମନ୍ତ ଶାଟ୍ଯାଶାଳାରେ ଶ୍ରୀମତୀ ଶୈଳ୍ୟଗଣକେ ନାନାଅକାର କୌତୁକାବହ ବେଶ-ଭୂଷଣ ଧାରଣ କରାଇଯା, ପାର୍ଵତୀ ଦର୍ଶକଦିଗେର ଚିତ୍ରବିନୋଦ-ନାର୍ଥ ନାଟକେର ଭାବାନ୍ତୁମାରେ ଅଭିନୟାରନ୍ତ କରେ, ଅଭିନୟାକାରୀଦିଗେର କେହ ଅଥବା ବ୍ରଜାଣ୍ଡେର ଏକାଧୀଶର ହଇଯା ମଣିମନ୍ଦିର ସିଂହାସନେ ଉପବିଷ୍ଟ ହୟ, କେହ ଜନଶୂନ୍ୟ-ଉପବୀପ-ବାସୀର ନୟାର ସନ୍ତାପ ଶ୍ରକ୍ଷମ କରେ, କେହ ପୁତ୍ରଶୋକେ କାତର ହଇଯା ହୃଦୟ ବିଦୀର୍ଘ କରିତେ ଥାକେ; କେହ ଚିତ୍ରଶୋଭିଗୀ ପ୍ରବିନ୍ଦିତ ବିରହ-ବେଦନାଯା ବ୍ୟାକୁଳ ହଇଯା ଉତ୍ସନ୍ତପ୍ରାୟ ହୟ, ଏବଂ କେହ ଯା ହୃଦୟଶୋକ-ବିନୋଦନ ଶୁଦ୍ଧ-ବର୍ଜିନ ବଜ୍ରର ମଞ୍ଚିଲନେ ଚିତ୍ରବଳ ଅକାଶ କରିଯା ଥାକେ; ଏହିଜ୍ଞାପେ ନିର୍ମିତ ମମର ଅଭିଦ୍ୟାହିତ

হইলে যাত্রা-ভঙ্গ হয়। তখন কোথা রাজা, কোথা প্রজা, কোথা শোক, কোথা হৃষি, কিছুই থাকে না। বিবেচনা করিলে এই সংসারও তক্ষণ নাট্যাশাল। আপন আপন কৰ্ম-বেশ ধারণ করিয়া জীবগণ নিরস্তর নাট্য-জীড়া করিতেছে, সুতরাং কার্যাত্ম্বে প্রস্থান করিবে; এজন্য শোকৰ হৰ্ষে গ্রহণ কি?

হে অমুজেষ্ট ! আপনি জ্ঞানী হইয়া কিছেতু বিরহ-মিকারে বিচলিতচিন্ত হইতেছেন, এবং অপ্রয়োজন শোক ও অনর্থক অবসান প্রকাশ করিতেছেন ? এক্ষণে বিবেচনা করিয়া দেখুন, আপনি কার, আপনার কে, আপনা আপনি আপনাকে অপদার্থ বিবেচনায় শোক-সাগরে নিপত্তি করিতেছেন। ক্ষিতি, অপ, তেজঃ, মুক্তি, ব্রোং, যে কালে এই পঞ্চ বিকৃত হইবে, সেই কালে এই প্রপঞ্চময়ী পৃথিবী পরিত্যাগ করিয়া সকলেই করাল-কাল-কবলে পতিত হইবেন। তন্মিতি অহরহঃ বিরহহৃথ প্রকাশ অতি অকর্তব্য।

হে সার্বভৌম ! সত্ত্ব, রঞ্জঃ তমঃ, পৃথিবী এই জিশুণান ধূর ; এবং পরিবর্তন ভাহার স্বভাব। সুতরাং জ্ঞানীর্জন্ম মূরীভূত হইয়া, বাবতীয় জীব অস্ত এবং বৃক্ষলতাদি অভিনব কৃপ ধারণ করিতেছে। বাস্তবিক, অনন্তত্বকাণ্ডপতির সুকোশল-সম্প্রয় পরমার্থস্থ নিধিল ব্রহ্মাণ্ড-বিষয়ে চিন্তা করিলে, একবারে নির্মল আনন্দনীরে নিয়ম হইতে হয়, এবং তত্ত্বিক অমুধাবনপূর্বক অবলোকন করিলে, বিষয়া-প্রমাণ না হয়, এবং ব্যক্তিই বিরল। মহারাজ ! সহসা মৃক্ষেরই অস্তঃকরণে বিবেক বৈষ্ণবগু উদ্বিগ্ন হইয়া থাকে।

ক্রিয়ৎক্ষণ হিন্দুস্তানের বিবেচনা করিলে, দেদীপ্যমানবৎ-প্রকাশিত হইবে বে, এই মহীমগুলে সকলই পরিবর্তন-প্রবর্তন ও সকলই অনিত্য। হাব ভাব রূপ লাভণ্য বিষয়ে পরিবর্তন হইতেছে। দৈর্ঘ্য গান্ধীর্য গ্রিশ্য মাধুর্য সুখ-স্বচ্ছতা বিষয়ে পরিবর্তন হইতেছে। মান বিষয়ে পরিবর্তন হইতেছে, এবং প্রেমবিষয়ে পরিবর্তন হইতেছে।

উষাকালে গান্ধীর্থান করিয়া কুসুম-বনে ইতস্ততঃ ভ্রমণ করিলে, মকরন্দে পরিপূরিত প্রফুল্ল কুসুম-কলিকা সকল দৃষ্ট হয়। মধুব্রতকুলের মধু-মিশ্রিত আনন্দধৰনিতে প্ররমানন্দরসে চিন্ত অভিষিক্ত হইতে থাকে। স্বাস-কুসুম-বানিত-সুশীতল-সমীরণ-সেবনে সন্তপ্ত হৃদয় সুশীতল হইলে, কৃতজ্ঞচিত্তে জগত্বিধাতাকে অগণ্য ধন্যবাদ করিতে হয়। কিন্তু মেই প্ররমরমণীয় প্রাণিহর প্রসূনারণ্যে মধ্যাহ্নকালে দৃষ্টিপাত করিলে, অচণ্ড তেজোময় প্রভাকরের করে সমগ্র কুসুমের মলিনত্ব, ষট্পদের তপ্ত-চিন্ততা, মন্দ মন্দ মারুতের উক্তত্ব, ব্যাতীত আর কিছুই অমুভূত হয় না। এবং মেই অচণ্ড তেজোময় রবি মধ্যাহ্নকালে বেঁপুরুষ জ্যোতিশান্ন দৃষ্ট হন, সামাজিক তাঁহারই বা সে প্রথম ময়ুরমালা কোঁখায় থাকে, ক্রমে হ্রাসপ্রাপ্ত হইয়া তিরোহিত হয়। শুল্কা প্রতিপদ্ম হইতে শশিকলা প্রতাঙ্গ ও ক্রমশঃ পৌর্ণমাসীতে বোঝুশ কলা পরিপূর্ণ হইয়া, নির্মল জ্যোতিঃ বিকিরণ দ্বারা ধরণীকে কিরণমণির শোভায় শোভিত করে, এবং মেই সুচারু-চম্পকা-ধ্যানে কুহার অস্তঃকরণে উৎপানন-রসের প্রবাহ অবাহিত না হইতে থাকে। অনন্তর অংশ-পরম্পরার স্বরূপ হইলে,

শ্বেত-তিমিরায়ত অমাবস্যাতে সেই নির্মল দ্যুতির আর কিছুই নির্দশন থাকে না ।

মহুয়েরও বাল্যাবস্থার সহিত কৈশোর, প্রৌঢ় ও বৃক্ষাবস্থার তুলনা করিলে, বোধ হয়, বিশ্ববিধাতার বিশ্বরাজ্য কেবলই পরিবর্তনশীল । মহুষ্য প্রথমে সংজ্ঞাবিহীন পঙ্কু ও পরাধীন থাকেন । পরে ক্রমে প্রৌঢ়াবস্থা প্রাপ্ত হইলে বোধ হইতে থাকে, একপ সৌকুমার্য্য ও সৌন্দর্যের মধুর মাঝুর্য্য কখনই হ্রাসপ্রাপ্ত হইবে না । কিন্তু বৃক্ষাবস্থার যৌবনাবস্থার সেই সুন্দর রূপ লাভণ্যের স্মৃদৃশ্যতা আর কিছুই দৃষ্ট হয় না । শ্যামবর্ণ কেশ শুভবর্ণ ধারণ করে ; কপোল-কষ্ঠ-পিণ্ডিত লোলিত হয় ; শক্তি-অভাবে তৃতীয়পদতুল্য-যষ্টি-ধারণ আবশ্যক হইয়া উঠে । দশনাভাবে বসনা স্পষ্ট বক্ষুতা করিতে সমর্থ হয় না । এবশ্চকার সঙ্গীব ও নিঞ্জীব সকল পদার্থেরই নিরস্তর পরিবর্তন দৃষ্ট হইতেছে । অতএব অনিত্য প্রাণী ও অপ্রাণী পদার্থের বিয়োগে বিছেনহঃথাপন্ন হওয়া বিজ্ঞ লোকের উচিত নয় ।

বদি বলেন, নিয়মকাল প্রাপ্ত না হইতে কালপ্রাপ্ত হওয়ার কারণ কি ? মহারাজ ! এ বিষয় কিয়ৎক্ষণ আলোচনা করিলে, দেবীগ্যামানক্রপে প্রকাশিত হইবে যে, পরম-কারুণিক পরমেষ্ঠ আমাদিগকে বহুবিধ মনোবৃত্তি অদ্বান্ত করিয়া, বৃক্ষিবৃত্তির সহিত বাহ বস্তসমূদায়ের সম্বন্ধ রাখিয়া, সুচাক্ষ-কৌশল-প্রদানে প্রত্যক্ষ সাক্ষাৎস্বরূপ এই অভিপ্রায় বিধান করিয়াছেন,—যার্জিতবৃক্ষসহকারে সমগ্র মনোবৃত্তি সংকালিত করিয়া, সচ্ছন্দাবস্থার সুস্বরক্রপে স্মৃথসঙ্গেগ কর।

কর্তব্য । আমরা মনোবৃত্তি সকল পরিচালন করিয়া ভোজ্য, ব্যবহার্য সমগ্র সামগ্রী প্রস্তুতকরণপূর্বক বিবিধপ্রকার স্থুৎ জ্ঞানোগ করিতেছি ; হিমাগম-কালে বিচির পট্টবস্ত্রাদি প্রস্তুত করিয়া হিমের হিমত হইতে শরীর রক্ষা করিতেছি, এবং রিশেষ বিশেষ আত্মতে বিভিন্ন বীজ রোপণ বা বপন করিয়া, বৃত্তপ্রকার স্থস্থান উদ্ভিদ প্রাণী হইতেছি । তুঙ্গ-শৈলাকাচ হইয়া কাষ্ঠাদি কর্তৃন করিয়া, তরণীগঠনস্থারা ভূরি ভূরি উর্ধ্বমুখী শ্রোভস্থতীর পারাবতীর্থ হইতেছি ; এবং বিকটা-কার মজ মাতঙ্গ, তুরঙ্গতি তুরঙ্গ, বলিষ্ঠ বৃষত, শ্রমশীল উষ্ট্র, সহিষ্ণু গর্দভাদি পশ্চকে যৎসামান্য বোধে বশীভূত করিয়া, স্বস্মনোনীত কর্ষে নিযুক্ত করিতেছি । আমরা অসাধারণ-বুদ্ধিবলে পরমমঙ্গলালয় পরমেশ্বরের পরমমঙ্গলপ্রদ তৌতিক নিয়ম সকল একপে অবগত হইতেছি যে, অনল-জলাদির নিকট হইতে মানবজ্ঞাতির অতীব সাবধানতা আবশ্যক, কারণ ইহার দ্বারা মনুষ্যের জীবন অনাঙ্গাসে নষ্ট হইতে পারে । আবার এই বুদ্ধি দ্বারা শারীরিক নিয়ম অবগত হইতেছি ।

দূষিত বায়ু সেবন করিলে এবং আহার-বিহারাদি প্রাতঃ-চিক ক্রিয়ার যথানির্মের কিঞ্চিৎ বৈপরীত্য ঘটিলেই রোগগ্রস্ত হইতে হয় । সেই রোগে উপযুক্ত ঔষধ দ্বারা শৃঙ্খল না হইলে, স্বতরাং অকালে কালগ্রাসে পতিত হইবার কারণ হইয়া উঠে । আর, সেই যে ভয়ঙ্কর হৃত্য—যাহার নাম শুনিলে জীবমাত্রেই হৃকস্প হইতে থাকে, কিন্তু কিম্বৎক্ষণ আলোচনা করিলে জাজল্যমানবদে অজীত হইবে, কেন্দ্রে সেই শৃঙ্খলে

জগহিতাতা স্থজন করিয়া জগতের প্রতি অমৃত বর্ষণ করিয়া-
ছেন। কারণ, অচিকিৎস্যরোগগ্রস্ত, ও জলে পতিত হইয়া
খাস প্রধান রুক্ষ, হটলে যে প্রকার অসহ্য বাতন। উপস্থিত
হয়, সেইরূপ বাতনা দীর্ঘকাল পর্যন্ত ধাকিলে, কি কঠের
বিষয় হইত, তাহা বচনাতীত। অতএব করুণাময় পরমেশ্বর
মৃত্যু স্থষ্টি করিয়া এই সকল দ্রঃসহ যন্ত্রণা হইতে জীবগণকে
পরিত্বাণ করিবার উপায় করিয়াছেন। তদ্বিমিত শোকাম
কুল হওয়া বিজ্ঞ মহুষোর কথন উচিত নয়।

মন্ত্রীর প্রবোধবাক্যে রাজার অস্তঃকরণ অনেক সুস্থির
হইল। তখন তিনি শাস্তাকে ডাকাইয়া কহিলেন, শাস্তে !
আমার বিজয়-বসন্ত তোমার হইল। তুমি একালপর্যন্ত
পালন করিয়াছ, এইহেতু ইহারা তোমাকে 'আরি' সম্বোধন
করিয়া থাকে; এক্ষণে অতিপালিত ধন অতিপালন কর।
আমার বলা বাছল।

শাস্তা কহিল, মহারাজ ! বিজয়-বসন্তের জন্য আপনি
চিন্তা করিবেন না। এ ক্ষণে এই প্রার্থনা, আপনি সুই
হইয়া রাজ-কার্য করিন। শোক করিলে আর কি হইবে,
বিধাতার নির্বক কথন ধনুন হয় না। এ ক্ষণে প্রায় সকল
ঘরেই এইরূপ হইতেছে।

অনস্তর শাস্তা অস্তঃপুর পরিত্যাগ করিয়া বিজয়চন্দ্র ও
বিসন্তকুমারকে লইয়া বহির্বাটার এক প্রকোঠে বাস করিতে
আগ্রিম।

দ্বিতীয় অধ্যায় ।

একদা ভূপতি বিচারাসনে আসীন হইয়া ন্যায়ান্যায় বিবেচনা-পূর্বক বাদী ও প্রতিবাদীর অভিযোগের বিচার করিতেছেন, এমন সময় প্রতিহারী আসিয়া অবনতশিরে নিবেদন করিল—মহারাজ ! আপনার কুলপুরোহিত উগবান্ধোম্য বহির্বারে দণ্ডায়মান আছেন, আদেশ হইলে আনিয়া আশীর্বাদ করেন। মহীপাল সম্মান-পূর্বক আনিতে আজ্ঞা করিলেন। পুরোহিত রাজ-সন্নিহিত হইয়া আশীঃপুণ্য প্রদান করিতে দক্ষিণ হস্ত উত্তোলন করিলেন। রাজা প্রণিপাত-পূর্বক কুসুম গ্রহণ করিয়া, আসন গ্রহণ করিতে আহিলেন। ধৰ্মিবর মণিময়-চতুর্কোপরি উপবিষ্ট হইলেন। এই কালে সভা-ভঙ্গ-স্থচক দুলভিন্নবনি হইল, পাত্র-মিত্র প্রশ্নকর লেখক প্রভৃতি কর্ম্মকর ও কর্ম্মচারিগণ প্রস্থার করিলেন।

ধৰ্ম্য ধৰ্মিবর রাজাৰ অবকাশ প্রতীক্ষা করিতেছিলেন, এ ক্ষণে তাঁহাকে নির্জনে পাইয়া কহিলেন, মহারাজ ! লক্ষ্মী-স্বরূপণী রাজীৰ পুরস্কোকপ্রাপ্তি হওয়াৱ, আমি জীবন্ত তবৎ হইয়া আছি। সাধ্য কি, সকলই জীবন্তের নিয়মাধীন, চিন্তা করিলে আৱ কি হইবে, উপায়াস্তু নাই। সর্বদা শোকে মগ্ন ধাকিলে নৃপতিৰা শুচাঙ্গৰ্হপে রাজকার্য পর্যাপ্তোচ্চ।

করিতে পারেন না, সুতরাং রাজ্যমধ্যে অবিচার হইয়া উঠে। অনর্থক চিন্তা, শরীরের লাবণ্য ও মনের স্থুতি বিনাশ করিয়া মহুষ্যকে ক্ষিপ্তপ্রায় করে; অতএব এক্লপ চিন্তা পরিত্যাগ করা সর্বতোভাবে কর্তব্য। কিন্তু মহুষ্য বিষয়-কর্মাদি হইতে অপসৃত হইয়া একাকী থাকিলে চিন্তা স্বত্বাবতই সহচরী হয়। এক্লপ অবস্থায় কেবল প্রিয়তমা সহধর্মীনীই মধুর বাক্যালাপে চিন্ততোষণ করিয়া চিন্তা দূর করিতে সমর্থ। সহধর্মীনীর সহিত সতত বাস করিলে পুরুষ কখনই ব্যভিচার আশ্রয় করে না। অতএব এ ক্ষণে এই অনুরোধ, পুনর্বার পাণিগ্রহণ করুন। রাজা কহিলেন, তেগবন্ন! আপনার বাক্য শিরোধার্য; কিন্তু অনেক কাল গত হইয়াছে, বৃক্ষকালে এমত অনুমতি করিবেন না; পুত্র-প্রয়োজনে ভার্য্যা; দীঘরেচ্ছায় আমার ছাইটা পুত্র জন্মিয়াছে, এক্ষণে আর পরিণয়স্থল্যে বদ্ধ হওয়া শ্রেষ্ঠ: নহে।

পুরোহিত কিয়ৎক্ষণ মৌনী থাকিয়া পুনর্বার কহিলেন, মহারাজ! আপনি যাহা কহিতেছেন যথার্থ, কিন্তু গৃহা-শ্রমীর এ নিয়ম অবলম্বন করা উচিত নয়; কারণ, সংসারান্তরে নারী শ্রেষ্ঠতরা, স্ত্রীহীন গৃহ শুশান্তুল্য। স্ত্রীর গৃহের শ্রীস্বরূপা; বিবেচনা করিলে, স্ত্রীতে আর কীভে কিছুই বিশেষ নাই। পুরুষ নিজ পুণ্যবলে যদি সাধুবী স্ত্রীর পাণিগ্রহণ করেন, তাহা হইলে পরিণামে বিপক্ষ হবে না। অগ্রে পতির মৃত্যু হইলে, সতী তাহার অমৃগা, মিনী হইয়া অভয় প্রদান করেন। পতি অতিথোর কল্পে ক্লুষ্টি হইলে, সতী অক্ষতপুণ্যার্থপ্রদানে পতিত পতিকে

শাপপক্ষ হইতে পরিআণ করেন। বিশেষতঃ শূতদ্বার ব্যক্তির সাংসারিক কোন ক্রিয়াকলাপে অধিকার নাই।

হে সার্বভৌম ! সতীর শুণে কত শত মহাপরাক্রমশালী মহাআরাও আত্মরক্ষা করিয়াছেন ! মহাবীর্যা সত্যবান মরেন্তে বিজন বনে প্রাণত্যাগ করিয়াও কেবল পতি-প্রাণ সতী সাবিত্রীর শুণেই পুনর্জীবিত হইয়াছিলেন। ভগবান্ রামচন্দ্র সীতা সতীর অনামান্য শক্তিসাহায্যে দুর্জয় দশঙ্কক রাবণকে পরাজয় করেন। মহাধূর্কির পার্থ কেবল বল ভদ্রের অমুঝ। শূতদ্বার শকটপরিচালন-কৌশলে সমুদ্র-সদৃশ যাদব-সৈন্য-দলে জয়ী হইয়াছিলেন। পুরুষ মহারোগাক্রান্ত হইলে, বক্তু প্রতারণা-পূর্বক দূরে পলায়ন করেন, পুরুষ নিকটে আসিতে বিরক্ত হন, কন্যা দূরে থাকিয়াই ক্রুদ্ধ করিতে থাকেন, কিন্তু পতী-প্রাণ। সতী প্রাণকে পরিত্যাগ করেন, তথাপি পতিকে পরিত্যাগ করিতে পারেন না। তিনি পতির জীব্ব দেহ জ্বোড়ে করিয়া শুক্রষা করিতে আরম্ভ করেন। অতএব স্ত্রী সম্পদের শ্রী, বিপদের আশ্রয় এবং আর্তহনের জননীশুরুপ। মহারাজ ! এমন স্ত্রী-গ্রাহণে আপনি কখন অসম্ভত হইবেন না।

পুরোহিতের এতাদৃশ-বাক্য-শব্দে রাজা দাব-পরিগ্রহে সম্মত হইলেন, এবং ধোঁয়াও স্বষ্টানে প্রস্থান করিলেন। শাস্তা তাঁহার পরিণয়সূচক কথার আন্দোলন জালিতে পৌরিয়া, একদা বিজন নিকেতনে বিষ্ণবদলনে কহিল, মহারাজ ! অঙ্গীতি বর্ষে কি আবার আপনার বিবাহ দেখিতে হইবে ? অথন কি আপনার আর ইহা সার্জে ? দ্বিতীয়েছার বিজয়চতুর্থ

ବିବାହେର ସୋଗ୍ୟ ହେଇଥାହେନ, ଆପନି ତୋହାର ବିବାହ ଦିଯା ନିଶ୍ଚିନ୍ତେ ଅବଶେଷ କାଳ ସାପନ କରିତେ ପାରେନ । ଆପନାର ପକ୍ଷେ ଏଥନ ତ ଇହା ଭାଲ ଦେଖାୟ ନା । ଲୋକେ ଶୁଣିଲେଇ ବା କି କହିବେ । ଛି ଛି ! ଆପନି କଥନ ଏମନ କର୍ମ କରିବେନ ନା । ଭାଲ, ଜିଜ୍ଞାସା କରି, ମୃତ୍ୟୁର ହଇଲେଇ କି ବିବାହ କରିତେ ହୟ ? କାଳାକାଳ କି କିଛୁଇ ବିବେଚନା କରିତେ ହୟ ନା ? ଆପନି ସର୍ବଶାନ୍ତରଦଶୀ, ଆପନାକେ ଆର ଅଧିକ କି ବଲିବ । ଥାହା କରିଲେ ଭାଲ ହୟ, ତାହାଇ କରନ । ଶାସ୍ତ୍ର ଏଇକ୍ରପ କହିଲେ, ରାଜୀ ମନ୍ତ୍ରକ ଅବନତ କରିଯା ରହିଲେନ । କିଛୁଦିନ ପରେ ପୁରୋହିତ ରାଜୁସନ୍ନିହିତ ହେଇବା କହିଲେନ, ମହା-ରାଜ ! ଏ କଣେ କେବଳ ଆପନାର ଆଗମନାପେକ୍ଷା, ଆର ସକଳ ଉଦ୍ଘୋଗ ହେଇଥାହେ, ଶୁଭ କର୍ମେ ଆର ବିଲବ କି ? ସେଇ ହୁଲେ ଗମନ କରିତେଓ ଅନ୍ତତଃ ଦୁଇ ଦିବସ ହେବେ, ରଥ ପ୍ରସ୍ତୁତ, ଆରୋହଣ କରନ । ରାଜୀ ପୂର୍ବେ ଅସ୍ତ୍ରିକାର କରିଯାଇଲେନ, ଅଗତ୍ୟା ପରିଣୟମୁଚ୍ଚକ ପରିଚନ ପରିଧାନ-ପୂର୍ବକ ଶକ୍ତାରୋହଣେ ଗମନ କରିଲେନ ।

କନ୍ୟାକର୍ତ୍ତାର ନିକ୍ଷେତନେ ନିର୍ମିତ ଦିନେ ଉପନୀତ ହଇଲେ ମକ୍ଲେ ଶ ଶ ସୋଗ୍ୟମୁକ୍ତ ଉପବିଷ୍ଟ ହଇଲେନ । ରାଜୀ ଦେଶ-ଧ୍ୟେବହାରେର ବାଧ୍ୟ ହେଇଯା ଦ୍ଵୀ-ଆଚାର ଅନ୍ୟ ଅନ୍ତଃପୁରେ ଗମନ କରିଲେନ । ମହିଳାଗଣ ମହିପାଳକେ ଦର୍ଶନ କରିଯା କୌତୁକ-ଛଳେ କହିତେ ଲାଗିଲେନ, ଆଃ ! ଈଶ୍ୱରେର କି ବିଡୁଷନା, ଆମା ଦେହ ଛର୍ଜୁମୟୀ କୋମଲାଙ୍ଗୀ, ଲବିନ୍ୟା, ସୁବତ୍ତୀ, ଏ ଦିକେ ତ ସରେର ସର୍ବତ୍ର ଶେଷ । ଅଜ୍ଞେର ଗଲାର କି ଗଜମୁକ୍ତା ସାଜିବେ ? ଏକ ହର୍ଷମୁଖ ମୁଖ୍ୟ ଅଦ୍ୟ କହିଯା ଉଠିଲ, ବିଦିଲ । ତୁମି ମିଳେ କେବେ

রাজা'কে ব্যঙ্গ করিতেছ, রাজা'র দোষ কি? অর্থলোভে ধৰ্মী ব্যৰ্থ হইল। দুর্জয়মী'র পিতা দুর্জয় ও তাহার মাতা দুর্নামী গোপনে কিছু অর্থ পাইয়াছেন, নহিলে কেন বৃক্ষ পাক্ষে সাধের কন্যা সম্পদান করিবেন? অতি স্বশীলা, জ্ঞানবতী এক যুবতী কহিল, হেমলতে! তুমি কেন দুর্জ'রের দুর্নামী রটাইতেছ, লোভে শান্ত্রলোপ হইল। ধৌম্য মুনি লোভে পড়িয়া শান্ত্রলোপের কারণ হইয়াছেন। আমি পতির মুখে শুনিয়াছি, ভগবান् মহু কহিয়াছেন—উন্মত্ত, বধির, থঙ্গ, অঙ্গ, বাল, বৃক্ষ প্রভৃতির বিবাহ করা অকর্তব্য; রাজা'র এ নিয়মের পালন করিয়া থাকেন; কিন্তু ঔষধ রোগনিবারণ করিবে কি, নিজেই রোগগ্রস্ত হইয়াছে। ললনাগণ কৌতুক-ছলে ভূপতিকে এইরূপ তৎসনা করিয়া গমন করিল। রাজা অতিশয় লজ্জিত হইয়া, “ভাবিতে উচিত ছিল প্রতিজ্ঞা যথন” এই প্রবোধে বিবাহ কার্যা সম্পাদন করিলেন। পরে অৱাজে অত্যাগমন পূর্বক, রাজ্যশাসনে ও প্রজাপালনে অবৃত্ত হইলেন।

বাছা সকল! শেষ সংসারের কি অন্তর্যনীয় বশীকরণ-শক্তি! অতিমাত্র সবিদ্বান্ত ও জ্ঞানশীল ব্যক্তিও, যেমন বুসে মীন, স্বরে হরিণ, গঁকে ভুঁস, ক্লপে পতঙ্গ, হতজ্ঞান হয়, তদ্বপ নবপ্রণয়নীর প্রেম-পাশে বদ্ধ হন। রাজা জয়সেন ও তরুণ তরুণী'র লাবণ্যে মুক্ত হইয়া পুত্রবয়ের প্রতি ত্রুমশঃ ভগ্ন-স্নেহ হইতে লাগিলেন।

বিজয়চক্র, জনকের স্বত্বাব একপ বিপরীত-ভাবাবস্থা করিয়াছে, জানিতে পারিয়া, অতিশয় ক্ষোভযুক্ত হইলেন।

କିନ୍ତୁ ତଜ୍ଜନ୍ୟ ବାକ୍ୟକ୍ଷେଟ୍ଟୋ କରିଲେନ ନା । ଏକ ଦିନ ତିନି ସ୍ଵର୍ଯ୍ୟାତ୍ମେ କିଞ୍ଚିତ୍ ପୂର୍ବେ ସହୋଦର-ସମଭିବ୍ୟାହାରେ ପ୍ରାସାଦୋ-ପରି ଇତ୍ତତଃ ଭରଣ କରିତେଛେନ, ରାଜମହିସୀ ଅନ୍ତଃପୁର ହଇଲେ ନିରୀକ୍ଷଣ କରିଯାଇ ଶାନ୍ତାକେ ଜିଜ୍ଞାସା କରିଲେନ, ଶାନ୍ତେ ! ବିଜୟ-ବସନ୍ତେ ଅନ୍ତଃପୁରେ ନା ଆସିବାର କାରଣ କି ? ଆମି ଯେ ଅବଧି ଏ ଥାନେ ଆସିଯାଇଛି, ତାହାରୀ ମେହି ଅବଧି ବହିର୍ଭୟୋ-ତେହି ଥାକେ, ଏକ ଦିନେର ଜନ୍ୟୋ ଅନ୍ତଃପୁରେ ଆଇମେ ନା । ଆମାର ଇଚ୍ଛା, ଅନ୍ତଃପୁରେ ଆନିଯା ଲାଲମ ପାଲନ କରି । ଶାନ୍ତା କହିଲ, ଠାକୁରାଣି ! ଆପଣି ଆପନ ପୁତ୍ର ପାଲନ କରିବେନ, କାହାର ଅନୁମତିର ଅପେକ୍ଷା କରିତେଛେ ? ଆମି ଯାଇ, ବିଜୟ-ବସନ୍ତକେ ଅନ୍ତଃପୁରେ ଆସିତେ କହି ଗିଯେ । ଏହି ବଲିଯା ଶାନ୍ତା ଗମନ କରିଲ ।

ମହିସୀ ପିତ୍ରାଲୟ ହଇଲେ ଦୁର୍ଲଭାନ୍ତାଙ୍ଗୀ ଏକ ପରିଚାରିକାଙ୍କେ ମଜ୍ଜେ ଆନିଯାଇଲେନ । ମେହି ଦୁର୍ଲଭ ଅନ୍ତରାଳେ ଥାକିଯା, ମହିସୀ ଆର ଶାନ୍ତା ଦାସୀତେ ଯେ କଥା ବାର୍ତ୍ତା ହଇତେଛିଲ, ଦୟ-ଦାୟ ଶୁଣିତେ ପାଇଯା, ନିର୍ଜନେ ରାଣୀକେ କହିଲ, ଓଲୋ ଦୁର୍ଜ୍ଞ-ଯାହି ! ଶାନ୍ତାର ମଜ୍ଜେ ଗଲାଗଲି ହଇଯା କି କଥା କହିତେଛିଲେ ? ମନେ ବୁଝି କରେଇ ମତିନୀପୁତ୍ର ପାଲନ କରିବେ ? ରାଣୀ କହିଲେନ, ଦୁର୍ଲଭ ! ତୋମାର ଏମନ ଦୁର୍ଭାଗ୍ୟ ଦେଖିତେଛି କେନ ? ଏମନ କଥା, କହିଓ ନା, ଆମି ମନେ ବ୍ୟଥା ପାଇ । ବିଜୟ-ବସନ୍ତେ ମା ନାହିଁ, ଆମି ତାଦେର ଯା ହେ ।

ଦୁର୍ଲଭ ମୁଖ ବାଁକାଇଯା କି କଥାର ରାଣୀର ମନ କିମ୍ବାଇବେ, ଏହି ଚିନ୍ତାଇ କରିତେ ଲାଗିଲ । ଏବଂ କିମ୍ବକଣ ମୌନବତୀ ଥାକିଯା କହିଲ, ଓଲୋ ଦୁର୍ଜ୍ଞଯାହି ! ଏକଟୀ ବିଚାର କରିଯା ଦେଖ, ବିଜୟଚକ୍ର,

ରାଜୀ ହିଲେ ତୋମାର କି ଦଶା ହିବେ । ଯଦି ଈଶ୍ଵରେଚ୍ଛାୟୀ ତୋମାର ଛୁଇ ଏକଟୀ ପୁତ୍ର ହୁଏ, ତାହାରା ବିଜୟ-ବନ୍ଦତ୍ତର ଜ୍ଞାତ ଦାସ ହିଲା ଥାକିବେ । ବିଶେଷତଃ, ସାପିନୀର ସନ୍ତାନକେ ଛଞ୍ଚ ଦିଯାରୀ ଥାଲନ କରିଲେ କାଳେ ଆପନ ସମ୍ମାନ ପ୍ରକାଶ କରେ । କଟକ-ଶୁକ୍ଳ ଉଦୟାନେ ରୋପଣ କରିଲେ ସକଳ ଉଦୟାନ କଟକମର ହୁଏ । ସେମନ ଏକ ଗାଛେର ସାକଳ ଅନ୍ୟ ଗାଛେ ଲାଗେ ନା, ଦେଇମତ ସତିନୀର ପୁତ୍ରଙ୍କ କଥନ ଆପନ ହୁଏ ନା ।

ବ୍ୟସ ସକଳ ! ଛୁଃଶୀଳୀ ରମଣୀଗଣେର କଥାର ଛନ୍ଦୋବନ୍ଧ ବିବେଚନା କରା ଯୋଗୀ ଜନେରଙ୍କ ଛୁଃସାଧ୍ୟ । ଏକେ ଦ୍ଵୀପାତି, ତାହାତେ ଅନ୍ନବସନ୍ଧା, ସୁତରାଂ ମହିଷୀ ଦୁର୍ଲଭାର ଦୁଷ୍ଟ ଅଭିଆୟନ ବୁଝିତେ ନା ପାରିଯା କହିଲେନ, ଦୁର୍ଲଭେ ! ଆମି ଏ କଣେ ବୁଝିଲାମ ବିଜୟ-ବନ୍ଦତ୍ତ ଆମାର ପୁତ୍ର ନହେ, ଶକ୍ତ । ଯାହାତେ ଶୀଘ୍ର ବିନାଶ ପାଇ, ତାହାରେ ଉପାୟ କର । ଦୁର୍ଲଭୀ ହାସ୍ୟ କରିଯା କହିଲ, ହୀ ବାଚ୍ଚା ! ଅଥନ ପଥେ ଏମ । ବୁଝୋଛ ତ, ତାହାରା ତୋମାର ଶକ୍ତ କି ନା ? ଆମି କାହାରଙ୍କ ମନ୍ଦ କରି ନା, ନକଳେରଇ ହିତ କରିତେଇ ଆମାର ଚିରକାଳଟା ଗେଲ । ଆର ବ୍ୟତ ହିତେ ହିବେ ନା, ଆମାର କଥା ଶୁଣ, ସହରେଇ ଇଷ୍ଟସିଙ୍କି ହିବେ । ଶାସ୍ତ୍ର ବିଜୟ-ବନ୍ଦତ୍ତକେ ଅନ୍ତଃପୁରେ ଆନିତେ ଗିଯାଇଁ, ତାହାରା ଆସିଯା ସଥଳ ଶ୍ରୀଗାମ କରିବେ, ତୁମି ସନ୍ତାଯଣ କରିବୁ ନା, କାହେଇ ଅନ୍ତରେର ଶକ୍ତ ଅନ୍ତର ହିବେ । ପରେ ଅନ୍ତାଭରଣ ପାରିଭ୍ୟାଗ କରିଯା ଶୁଣାର ଶରନ କରିବେ । ରାଜୀ ଅନ୍ତଃପୁରେ ଆସିଯା କାରଣ ଜିଜ୍ଞାସିଲେ ରୋହନ-ବନ୍ଦନେ କହିବେ, କୁପ୍ତ ବିଜୟ-ବନ୍ଦତ୍ତ ଅନ୍ତଃପୁରେ ଆସିଯା ଆମାକେ ଦେଖିବାର ପରାର କରିଯାଇଛେ ତାହାତେ କ୍ଷଣକାଳେର ଅନ୍ୟ ଦୀର୍ଘିତେ ଇଚ୍ଛା ନାହିଁ । ତାହା

ହିଲେଇ ଇଷ୍ଟ ଦେବତା ଇଷ୍ଟସିଙ୍କିର ପଥ କରିଯାଇ ଦିବେନ । ହରତୀ
ଏଇକପ କହିଯା ଅହାନ କରିଲ ।

ଯହିକୀ ହରତାର ହୃଦୟଭିତ୍ତିର ବିଷୟ ମନେ ମନେ ଆମ୍ବୋଳନ
କରିତେହେମ, ଏମନ ସମୟ ବିଜୟଚଞ୍ଜ ଓ ବସନ୍ତକୁମାର ଶାନ୍ତାର
ମଙ୍ଗେ ଆସିଯା ପ୍ରଣାମ କରିଲେନ । ରାଣୀ କିଛୁଇ କହିଲେନ ନା,
ବରଂ ସେପର୍ଯ୍ୟଷ୍ଟ ତୀହାର ତୀହାର ନିକଟେ ଥାକିଲେନ, କେବଳ
ଦୈଷ-ଭାବେରଇ ଚିହ୍ନ ପ୍ରକାଶ କରିତେ ଲାଗିଲେନ । ଶାନ୍ତା,
ରାଣୀର ସ୍ଵଭାବ ବିପରୀତ ଭାବ ଅବଲମ୍ବନ କରିଯାଇଛେ, ବୁଝିତେ
ପାରିଯା ଛଟା ମହୋଦରକେ ମଙ୍ଗେ ଲାଇଯା ପ୍ରତିଗମନ କରିଲ ।
ତୀହାରା ଗମନ କରିଲେ, ରାଜ୍ଞୀ ପରିଧେମ ନୀଳ ବସନ ଥଣ୍ଡ ଥଣ୍ଡ
କରିଯା ଅଙ୍ଗାଭରଣ ପରିତ୍ୟାଗ କରିଲେନ, ଏବଂ ସ୍ଵ-କରାରାତରେ
ମିଜ ଅଜେ ପ୍ରାହାର-ଚିହ୍ନ କରିଯା ଈସବ୍ରକ୍ତଭାବେ ଅବହାନପୂର୍ବକ
ବାମ କରତଣେ କପୋଳ ସଂଲପ୍ତ ଓ ଗୁହଭିତ୍ତି ଅବଲମ୍ବନ କରିଯା
ଅର୍ଜିଶୟନେ ରୋଦନ କରିତେ ଲାଗିଲେନ । ମୁକ୍ତ କବରୀ ଓ ଅଲିଜ
ବେଣୀ, ଅଲମଜାଲେର ନାମ, ତୀହାର ମୁଖଚଞ୍ଜକେ ଆଂଶିକ ଅୟବୃତ
କରିଲ । ଯହିକୀର ଅନନ୍ତରୁତ ଅଙ୍ଗ ପତିବିମୋଗ-ବିଧୁରୀ ରତ୍ନର
ତହୁକୁଳ୍ୟ ହଇଲ । ପରିଚାରିକାଗଣ କାରଣ ଜିଜ୍ଞାସିଲେ, ତିରି
କାହାର ଓ କଥାର ଉତ୍ତର ଦିଲେନ ନା ।

ରାଜ୍ଞୀ ଅନ୍ତଃପୁରେ ଆସିଯା, ଯହିକୀକେ ଐକ୍ରପ ନିଯାସିଲେ
ବିକ୍ରିକଣ କରିଯା, କିଞ୍ଚିତକଣ ଚିଆର୍ପିତପ୍ରାୟ ଦଙ୍ଗାୟମାନ ଥାକି
ଲେନ । ପୁରସ ସୁନ୍ଦରାଲେ ମହାନେ ନାରୀର ବଶୀତ୍ତ ହେଲା
ତୁମ୍ଭପେକ୍ଷାତ୍ ଦୈଷ, ଶୁତରାତ୍ ବାନ୍ତ ହଇଲା ମଲିଲେନ, ଅଛେ ! କି
ମିମିତ ଚଞ୍ଚଳ ବାତମ ହେଲିତ ହିଲ୍ଲା କମଳଦଳାଶ୍ରୟ କରିଯାଇଛେ ?
ଦୈଷମାନ ଧରା ମୁହଁନ କରିଲାହେ ? ମଲାକିନୀ ହୃଦୟକ-ଶିଖର

ମଞ୍ଜନ କରିଯା ବେଗବତୀ ହଇଯାଛେ ? ନୀଳାହରୀ ଜୀର୍ଣ୍ଣ ରୂପ ଧାରଣ କରିଯାଛେ ? ଭୂଷଣ ସକଳ ତୋମାର ଅଙ୍ଗ-ବିରହେ ଧୂଳାର ପଡ଼ିଯା ରୋଦନ କରିତେଛେ ? ରାଣୀ କିଛୁଇ ଉତ୍ତର ଦିଲେନ ନା, ଏବଂ ପୁର୍ବାପେକ୍ଷା ଅଧିକତର କ୍ରମ କରିତେ ଲାଗିଲେନ । ରାଜୀ ହତ ଧରିଯା ପଲ୍ୟକେ ବସାଇଲେନ, ଏବଂ ପରିଧେଇ ବମନାଙ୍କଳେ ପାତ୍ରେର ଧୂଳା ଓ ଚକ୍ରର ଜଳ ଘୋଚନ କରିତେ ବଞ୍ଚି କରିଲେନ ଅକ୍ଷେତ୍ର କ୍ଷେତ୍ରରେ କ୍ଷେତ୍ରକ୍ଷେତ୍ର କରିଯାଇଲେନ, ପ୍ରିୟେ ! ଅକ୍ଷ୍ମାଂକ କେନ ଏମନ ହଇଲେ ? ତୋମାର କୋନ ପ୍ରିୟତମେର କି ଅମଙ୍ଗଳ ହଇଯାଛେ, ଅଥବା କୋନ୍ ବ୍ୟକ୍ତି ନିରକ୍ଷୁଷ ମାତ୍ରେ ଆରୋହଣ ଓ ସର୍ପବିବରେ ହତାର୍ପଣ କରିତେ ଇଚ୍ଛା କରିଯାଛେ ? ଅକାଶ କରିଯା ବଳ, ତାହାର ପ୍ରତିକଳ ଉତ୍ତମରୂପେ ଦିତେଛି । ମତ୍ୟ କରିତେଛି, ପୁତ୍ର ହଇଲେଇ କ୍ଷମାଯୋଗ୍ୟ ହଇବେ ନା ।

ମହିଷୀ ରାଜାର ଅଭିପ୍ରାୟ ବୁଝିଯା କପଟ-ରୋଦନ-ବଦନେ କହିଲେନ, ମହାରାଜ ! ଆପନାର ଛୁଟା କୁପୁତ୍ର ବିଜୟ-ବସନ୍ତ ଅକ୍ଷ୍ମାଂକ ଅନ୍ତଃପୁରେ ଆସିଯା ଆମାକେ ଅନେକ ଅଧୋଗ୍ୟ କଥା କହିଲ । ପରେ ଯେଥିକାର ପ୍ରହାର କରିଲ ତାହା ଆର କି ବଲିବ, ପ୍ରଜ୍ୟକ୍ଷର୍ତ୍ତ ଦେଖିତେଛେନ । ତିଳାର୍କିକାଳ ଆର ବାଁଚିତେ ଇଚ୍ଛା ନାହିଁ । ମୁଣ୍ଡ ହଇତେଛେ ଅନଳେ ପ୍ରରେଶିଯା ସକଳ ହୁଃଖ ନିର୍ବାଣ କରି, ଆପନି ପୁତ୍ର ଲାଇଯା କୁଥେ ରାଜ୍ୟ କରନ୍ତି । ଆମିଂତ ପ୍ରିୟ ଜନ ନାହିଁ, ଆମାକେ ଆର କି ପ୍ରରୋଧନ ? ରାଜୀ ମହିଷୀର କପଟ ବାକ୍ୟ ଶୁଣା-ମେବକେର ନ୍ୟାୟ ଏକବାରେ ହତବୁଦ୍ଧି ହଇଲେନ ଏବଂ ମଗନ-ପୀଳକେ ଡାକାଇଯା କହିଲେନ, ମଗନପାଳ ! ବିଜୟ-ବସନ୍ତ ହିନ୍ଦୁର୍ଭକ୍ତି ଅଧ୍ୟ ରଜନୀତି କାରାବନ୍ଧ କରିଯା ରାଥ, ଆମାକେ

ଉପଯୁକ୍ତ ଦଶ ବିଧାନ କରା ଯାଇବେ । ନଗରପାଳ ଅନୁଚରନ୍ଦିଗକେ ସଙ୍ଗେ ଲାଇସ୍ନା ରାଜାଙ୍କା-ପାଲନେ ତ୍ରୟିପର ହିଲ ।

ରେମ୍ସଗଣ ! ରାଜା କୋପାବିଷ୍ଟ ହିଲ୍ଲା ପୁତ୍ରଦିଗକେ ବନ୍ଦନ କରିତେ ଆଦେଶ କରିଲେନ । ଏକ ଶାସ୍ତ୍ର ଭିନ୍ନ ତାହାଦିଗେର ମୁଖପାନେ ଚାହ, ଏମନ ହିତୀୟ ଜନ ଛିଲ ନା । ମେହି ଶାସ୍ତ୍ର କାର୍ଯ୍ୟ-କ୍ଷରେ ଗିଲ୍ଲା ରାଜା ଓ ମହିଷୀର କଥେପକଥନ-ଶ୍ରବଣାର୍ଥ ଅନ୍ତରାଳେ ଦଶାୟମାନ ଛିଲ । ସଥନ ରାଜାର ମୁଖ ହିତେ “ବିଜୟ-ବସନ୍ତ ହୁଇ ହୁର୍ବୁକ୍ତକେ କାରାବକ୍ତ କର” ଏହି ନିଦାରଣ ବାକ୍ୟ ନିର୍ଗତ ହିଲ, ତଥନ ଶାସ୍ତ୍ରା ହା ଫୈର ! ବଲିଲ୍ଲା ଭୂତଲେ ମୁର୍ଛା ଗେଲ । ପରେ ଚିତନ୍ୟ ପାଇସା କହିତେ ଲାଗିଲ, ହା ନିଦାରଣ ବିଧାତଃ ! ଏତ ଦିନେ କି ଏହି କରିଲେ ? ହା ଧର୍ମ ! ତୁମି କୋଥାୟ ? ସମୟେ କି ତୁମିଓ ଅନ୍ତ ହିଲେ ? ଅରେ ନିର୍ଦ୍ଦିଯ ପକ୍ଷପାତ ! ତୁଇ ତ ସାମାନ୍ୟ ନହିସ୍, ଏମନ ଗଞ୍ଜୀରାଙ୍କୁତିକେଓ ଗୁଣଶୂନ୍ୟ କରିଲି ? ଆହା କି ପରିତାପ ! ସାଗର ଲଜ୍ଜନ କରିଯା ଆସିଲାମ, ତଟେ ପ୍ରାଣ ଦାସ ! ବିଧାତାର କି ଦୋସ, ଆମି ଅତି ଅଭାଗିନୀ, ଚିର-କାଳ ପରେର ଜାତୀୟ ଜୁଲିତେଛି । ପରେର ଛେଲେ ମାହୁସ କରିଲେ ଆପନ୍ୟର ପ୍ରାଣ ହିତେ ଅଧିକ ହୟ, ଲୋକେ ତାହା ବୁଝେ ନା । ହା ଧର୍ମ ! ବଡ଼ ଆଶା କରିଯା ଛଟି ଭାଇକେ ଏକାଳପର୍ଯ୍ୟନ୍ତ ପାଲିତେଛିଲାମ, ଆମାର ଦେ ଆଶା ଏକେବାରେ ନିର୍ମୂଳ ହିଲ ।

ଶାସ୍ତ୍ର ଏଇକୁପ ବିଲାପ-ବଦମେ ବିଜୟଚଞ୍ଜଳି ଓ ବସନ୍ତକୁମାରେର ଲିଙ୍କଟେ ଗେଲ । ତାହାରା ଜିଜ୍ଞାସା କରିଲେନ, ଆସି ! ତୁଇ ଜ୍ଞାନିଦିନ କେବ ? ତୋର କି ହିଲାଛେ ? କେ ତୋରେ ଆଜି ଏମନ କୁରେ କୋଦାଇଲ ? ଶାସ୍ତ୍ର କହିଲ, ବାହା ରେ ! ଆମାର ମନେର

